ফটিকচাঁদ।

সামাজিক নক্সা—পূজার পঞ্চরং।

১৩০৪ সালের ১১ই আশ্বিন

মহালয়ার দিন মিনার্ভা থিয়েটারে প্রথম অভিনীত।

শ্রীচুনি লাল দেব প্রণীত।

এইচ্ কে দাঁ এণ্ড কোম্পানী দ্বারা

৫নং বিডন্ ষ্ট্রীট ফ্যান্সী রেপজীটারী হইতে প্রকাশিত।

মুখার্জ্জি কোং দ্বারা

কলিকাতা প্রেস ৬৭ নং, নিমতলা ঘাট ষ্ট্রীটে

মুদ্রিত।

কলিকাতা।

১৩০৪ সাল।

মূল্য ।৵০ আনা

পঞ্চরং এর আলেখ্য।

রঙ্গীগণ।

ফটিকচাঁদ	...	জনৈক ধনাঢ্য ব্যক্তির সন্তান।
জ্ঞান মাষ্টার	...	ফটিকের গৃহ শিক্ষক।
টুনো, মুনো	..	ফটিকের পুত্রদ্বয়।
ভজহরি	...	নাম কাটা সংবাদ পত্রের সম্পাদক।
শিবচরণ	...	উকিল।
নদেরচাঁদ	...	হিন্দু সম্পত্তি বিধায়িনী সভার অধ্যক্ষ।
সেনজী	...	প্রধান দালাল।
নটবর	...	বাঙ্গাল দালাল।

গাড়োয়ান, দপ্তরীগণ, মেল কেরাণীগণ, আন্ডার-টেকারগণ, নাগরিকগণ, সেলার্স; সোলজার্স, ভারতবাসীগণ।

রঙ্গিনীগণ।

গিন্নী	...	ফটিকের মা।
হেমলতা	...	ফটিকের স্ত্রী।
মিস মেরী	...	হেমলতার শিক্ষয়িত্রী।
পদ্মী	...	হেমলতার ঝি।
আসমানি	...	ফটিকের রক্ষিতা বেশ্যা।

আসমানির মা।

ঘেসেড়ানি, ফিমেল কেরাণীগণ, বারমেডগণ, বেশ্যাগণ, ঘোমটাওয়ালীগণ, মোসলমানীগণ, লেডী সুইমারগণ।

প্রস্তাবনা।

(বৈষ্ণবী গণ।)

গীত।

পূজোর ব্যাপার চমৎকার,
কসবী লোচ্চার মহাপর্ব্ব ;
মাতাল শুঁড়ীর রৈ রৈ কার ॥
(বাবুর) ঠাকুর দালান লম্বা টানা
বছর বছর মাকে আনা,
পূজোর বেলায় আনা আনা ;
সাহেব পূজোয় দেনাদার ॥
পেলিটিস্ বেকারী,
কেল্‌নারস্ ব্র্যাণ্ডি সেরী ;
উ'ইল্ সন্‌স্ কোর্ম্মা ক্যারী,
সাহেব পূজোর উপচার।
(আগে) ছিল দেব দ্বিজ সেবা,
(এখন) গৌরাঙ্গের পদ সেবা
(ওগো সে গৌরাঙ্গ [illegible])
[illegible] বেতে ভব পার।

(আগে) বামুন পণ্ডিত পেত দান,
(এখন) নেড়ে পিয়াদা বার্ষিক পান ;
অরক্যানেজে ডোনেশন,
অতিথ সেবা বিষম ভার !
ভিখারীকে গলাধাক্কা,
গুরু পুরুতের বাপ উদ্ধার ॥

[প্রস্থান।

প্রথম নক্সা।

বহির্ব্বাটী।

(ফটিক চাঁদ ও মাষ্টার)

ফটিক। মাষ্টার! এ পকেট এক্সপেন্সে[illegible]ত আর পোষায় না! দেখলে ত কাল রেস্ত থাঁক্তি বলে আসমানির ঘর থেকে সট্ সরতে হলো। এতটা বিষয়, বাবা বেটা মরবার সময় কল্লেন কি না, দেবত্তর আর ফ্যামিলী এ্যানিউটী ফণ্ড; খাওয়া পরার বাঁধি বন্দোবস্ত, একটা ভাল মন্দ খাবার যো নাই, যদি মা বেটী অনুগ্রহ করেন তবেই, চাকর, দাসী, গাড়ী, ঘোড়া, সব আছে, কিন্তু বেটীর হুকুম মত; বেটী জাঁহাবাজ—বাবাই বেটীকে ভয় কর্ত্তো, বেটী যদি মরে, তবে মাসহারা ও কর্ত্তৃত্ব হাতে পড়ে, তা হলে একটা কিছু করে উঠতে পারি।

মাষ্টার। তোমার অবস্থা কি জান ফটিকচাঁদ, যেমন Wine without spirit, সেই জন্তেই তোমায় ছ মাস পাখী পড়াচ্চি যে আর চোক বুজে থেক না, যা হ'ক একটা করে ফেল।

ফটিক। যা হ'ক কি? আমি ছাড়বার পাত্র নই, রীতিমত একটা করবো। দেখ দেখি Trustee (ট্রুষ্টী) শালাদের আক্কেল, [illegible]

[illegible]

হিসেবয়ানা, শালারা যেন ডিসট্রিক্ট চ্যারিটেবল ফণ্ড পেয়েছেন, ইয়ারলি বজেট বার কল্লেই হল। মাষ্টার আমি তিতি বিরক্ত হয়েছি, তুমি যা ভাল বোঝ তাই কর।

মাষ্টার। তা তুমি শোন কৈ বাবা? তাহলে তোমার এমন দুর্দ্দশা। দেখ বাবা আমি বাজে বাতেলা জানি না। Who speaks much, must talk in vain, আমি এ বয়সে ঢের মকর্দ্দমা দেখেছি; আমি ব্যারিষ্টার নই, প্লিডার নই, কিন্তু ঢের বড় বড় উকিল ব্যারিষ্টারের কান কাট্‌তে পারি, আমার কোনও Law জান্‌তে বাকি নেই। মনু থেকে আরম্ভ করে পরাশর, মিতাক্ষর, Mahomedan Law, Roman Law, English Law, সব পড়েছি। চন্দন নগরে থেকে দিন কতক French Law, ও পড়েছি।

ফটিক। মাষ্টার! আর জালিও না বাবা, এখন Introductory note ছেড়ে দিয়ে Chapter সুরু কর, কি করতে হবে তাই বল।

মাষ্টার। Patience is bitter, but its fruit is sweet. শুনছো বাবাজী! Will কারুর কখনও টেঁকিনি। ঠাকুর বাড়ী, দত্ত বাড়ী, রাজ বাড়ী, ঘোষ বাড়ী, মিত্তির বাড়ীর বড় বড় will set aside হয়ে গেছে, উইলের ভিতর বেশী clause রেখেছ কি মরেছ। তোমাদের উইলে মেলাই clause, এ বড় টেঁকচেন না।

ফটিক। মাষ্টার তুমি যে বুদ্ধিতে Prince Bismark.

মাষ্টার। না হয় বাবা Gladstone হলুম, শেষটা যেন Randalph Churchill কে খাড়া করো না।

ফটিক। মাষ্টার খেপেছ! আমাকে এতটা বেইমান ঠাউরো না।

মাষ্টার। বাবা আমার মতলবটা শুনে চলো যে তোমায় আখেরি ভাল হবে। এ যে সে মতলব নয়, Air gun আওয়াজ নেই কাজ হাসিল, তোমাকে বাবা Right at arm হয়ে থাকৃতে হবে, যেমনি Signal দেওয়া, অমনি Fire,—তা নইলে বাবা তোমার aim miss হয়ে যাবে।

ফটিক। ও মাষ্টার! এ যে তোমার ফুংচুকু Expedition. Conquering without blood-shed.

মাষ্টার। আমার প্রথম কাজ হলো, তোমার জন্য কিছু Loan Raise করা, তুমি ভাবৃতে পার যে এ অবস্থায় তোমায় কে টাকা দেবে, সে আমি সব ঠিক করেছি; যখনি যাবে, তখনি Payment.

ফটিক। সে ত বুঝলুম, মাষ্টার আমি বাজার থেকে টাকা ধার কত্তে নারাজ। এতে পাব্লিকের কাছে Expose হতে হবে। যদি মাকে ভয় দেখিয়ে বা কোন ফিকিরে Trustee শালাদের কাছ থেকে টাকা বার করতে পার, তার চেষ্টা দেখ।

মাষ্টার। ফাঁকা আওয়াজ করলে কি হবে বাবা, শুধু হাঁড়িতে পাত বেঁধে কি কাজ চলে! তোমার কি বুদ্ধি বা! বা! এতে আর Expose কি? যার রাজ্যে বাস কচ্চো তার কোম্পানীর কাগজটা কি? এতে নামের Value বাড়ে, তুমি ছেলে মানুষ, কি বুঝবে বল? বড় বড় রাজারা পর্য্যন্ত Loan করেন; Newspaper তো পড় Money Market টা বুঝি দেখনা। তা হলে দেখ্তে বেথিয়া রাজ ষ্টেট

ডিবেঞ্চার, নাইজাম গবর্ণমেণ্ট ডিবেঞ্চার, পাকুড় রাজ ডিবেঞ্চার, Loan করে না কে? বড় বড় Bank কে পর্য্যন্ত Loan কত্তে হয়, লোন উঠে গেলে এই সব বড় বড় Merchant দের একটা আফিসও থাক্‌বে না।

ফটিক। আচ্ছা মাষ্টার, এখন কত টাকা ধার কত্তে বল?

মাষ্টার! আপাততঃ Ten Thousand.

ফটিক। এত টাকা নিয়ে কি হবে? আমার ভয় পাছে জেলে যেতে হয়।

মাষ্টার। তোমার কিছু স্পীরিট নেই। মহাত্মা মহাত্মা লোকেরা জেলে গিয়েছেন; God forbid it ভগবান না করুন, যদি তোমার জেল হয়, Darlington's Pain curer এর মত Insolvent Loan curer এর ব্যবস্থা করা যাবে।

ফটিক। আচ্ছা, তা এত টাকা কেন?

মাষ্টার। বাবাজী না বুঝেই কি এতটা বলছি, ধর—এই আস্‌মানির ঘরে তোমার ছুটো যাওয়া পোষায় না। কোন বেটা আড্ডা জমাচ্চেন তো ফিরে এস, তাতে তোমার Disgrace. সে বেটীকে একেবারে কেপ্ট, তার পূজোর খরচা,. আর তোমার বৈঠকখানার চেহারাটা একটু বদলাতে হবে, ও মট সাহেবের আমলের আর চলে না। কাজেই ল্যাজারসের বাড়ী থেকে Furniture, লুইস ষ্টুয়ার্টের বাড়ী থেকে চাইনিজ্ এণ্ড জেপানিজ্ ওয়ার, হ্যামিলটনের বাড়ী থেকে সিলভার প্লেট্‌স্ এণ্ড ডিসেস্, অসলারের বাড়ী থেকে গ্ল্যাসওয়্যার চাই, আরও কিছু টাকা গ্রেট ইষ্টারণে জমা দিয়ে credit Account খুলতে হবে, আর ও Continua-

tion আছে। এই বৃহৎ ব্যাপার থুতু দিয়ে ছাতু মলা কি চলে? দৃষ্টি কিপ্পনি কল্লে চল্‌বে কেন বাবা?

ফটিক। মাষ্টার এখন চেপে যাও, ঐ টুনো মুনো দু ব্যাটাতে আস্‌ছে, মার পেয়ারের নাতি, যেখানে যা হয় মাকে খবর দেয়। এসব শুনলে মা আমায় খেদড়াবে; আর তোমার ও এখান থেকে অন্ন জল উঠ্‌বে।

মাষ্টার। Matter's little, আমি একজন Fatalist আমি এ সব বড় মানি নে। অদৃষ্টের ফেরে Alfred কে পোড়া রুটি খেতে হয়েছে, Alphanso কে মূলা সিদ্ধ খেতে হয়েছে, না হয় আমাকে উপবাস কত্তে হবে, তাতে আর ভয় কি?

গীত।

নেপথ্যে।

(চৌঘুড়ি হাঁকিয়ে যাব ইত্যাদি।)

ফটিক। মাষ্টার গানটা শুনচ? তৈরী হতে আর বেশী দেরী নেই। গলা টিপ্‌লে দুধ বেরোয়, গা থেকে এখন ও আঁতুড়ের গন্ধ যায় নি, এক রত্তি ছেলে, আক্কেল গুড়ুম কল্লে হে!

মাষ্টার। এরা বিশকর্ম্মার বেটা সাক্ষাৎ বিয়াল্লিশ কর্ম্মা। Rule of three কসে দেখ দেখি, এই বয়েসে যদি এতদূর হয় তোমার বয়সে কতদূর দাঁড়াবে?

ফটিক। মাষ্টার Rule of three কসতে হবে কেন? হোমিওপ্যাথিকে Mother Tincture এর চেয়ে Dilution এ বেশী effect করে। All's well that ends well.

মাষ্টার। এই যে-ন্তু মূর্ত্তিতে গাইতে গাইতে আস্‌ছেন। চেপে যাও, কিছু বলো না এদের দৌড়টা দেখ।

(টুনো ও মুনোর প্রবেশ।)

গীত।

চৌঘুড়ি হাঁকিয়ে যাব সঙ্গেতে ইয়ার ;
কালা পেড়ে ইউনিফরম ফেট্টা চাদর চুনটদার।
বেলদার জামা গায়ে, বলস্থ দিয়ে পায়ে,
ফুল তোলা সিল্কমোজা, সিল্কের গার্টার,
হীরে পান্নার আংটী হাতে, বুকে চেনের কি বাহার।
যুঁয়ের গোড়ে গলায়দিয়ে,এসেন্স মাখা রুমাল নিয়ে,
ফ্রেঞ্চকট্ টেরী মাথায়, ঢালবো ল্যাভেণ্ডার
চল্‌বে বুলি মজাদারী, উড়বে খালি রোজলিকার।

ফটিক। মাষ্টার ছোঁড়া দুটো বোধ হয় তোমায় আমায় দেখেনি, আর কেউ বসে আছে, মনে করেছে।

মাষ্টার। এসব ছেলে নল্‌চে আড়াল দিয়ে তামাক খায়, সময় পড়েছে কেমন, আজকাল আঁতুড়ে সিগারেট পাকিয়ে রাখ্‌তে হয়, পেট থেকে পড়েই,—মারে টান।

ফটিক। দেখনা আমি শাসিত করে দিচ্চি।

মাষ্টার। ও তোমার বাবারও কর্ম্ম নয়, শেষ উল্টো শ্রী না হয়। মেয়েলী কথায় আছে, "মুটোকে না বলো মুটো, উল্টে ধরে চলের মুটো।"

ফটিক। (ছেলের প্রতি) পাজী শুয়ার তৈরী হয়েছ যে, পড়াশুনো বুঝি চুলোয় গেছে, মেরে হাড় ভেঙ্গে দেবো।

টুনো। আমাদের মারবে কেন? দাদীমাকে মার না। দাদী মাই ত আমাদের গান শিখিয়েছে।

ফটিক। চলতো তোর দাদীমার কাছে, কেমন তোদের শিখিয়েছে দেখি? মাষ্টার! মা আস্কারা দিয়ে ছেলে দুটোর মাথা খেলে হে! শেষ ভুগতে হবে এই শালাকে।

মাষ্টার। ছোট ছোট ছেলেদের মাথা দিদিমাতে আর ঠাকুর মাতেই ত খায়।

ফটিক। মাষ্টার! আমরা হলুম সব লুট, আমাদের সামনে উড়ে যাওয়া বড় শক্ত কথা, আমরা হাড় বখাট এ কাযের হাড় হদ্দ জানি, আমার ছেলে খারাপ হবে?

মাষ্টার। না হলে যে বাবা বংশের দোষ দাঁড়াবে। তুমি বখাট বলে যে তোমার ছেলে বখাট হবে না; তার ত কোন মানে নেই। তা হলে বাবা ডাক্তারের বাড়ীতে রোগ ও সেঁধুতো না আর রোগী ও মরতো না।

ফটিক। তা বলে কি ডাক্তার দেখে না? চলতো তোর দাদী মার কাছে। মাষ্টার তুমি বস, আমি আসছি।

টুনো। দাদী মার কাছে আর যেতে হয়না, কাল রাত্তিরে কোথায় ছিলে? দাদীমা বলেছে এবার বাড়ী থেকে দূর করে দেবে।

ফটিক। হারামজাদা, তোমার আস্পর্দ্ধা বেড়েছে; তুমি আমার Guardian এসেছ?

(প্রহার)

টুনো। (কাঁদিতে, কাঁদিতে) ও দাদীমা গেলুম গো।

মাষ্টার। ফটিক কচ্চ কি! ছেড়ে দাও, এখনি তোমার ডাকিনী মা বেরুবে।

ফটিক। চুপ, চেঁচাবি ত মেরে ফেলবো।

মাষ্টার। মুনো তুই বেশ লক্ষ্মী ছেলে, সরে পড়। এখনি তোর বাপ আবার তোকে মারবে।

মুনো। দূর বেটা মাষ্টার, তুই ত আমার বাবার মাথা খেলি।

মাষ্টার। বেটার ছেলের আক্কেল দেখলে? ফটিক তোমার স্ত্রী সতী লক্ষ্মী। তুমি যেমন গুণধর, তোমার ছেলে দুটী তেমনি হনুহর. বাপের নাম আর জিজ্ঞেস কত্তে হয় না।

মুনো। মাষ্টার কলা খাবি—গলায় লেগে মরে যাবি।

ফটিক। ধরতো মাষ্টার, ওকে নুন খাইয়ে মের ফেল।

মাষ্টার। বাবা এ তোমার নোনা ইলিশ, নুনে কিছু হয় না—পুঁতে ফেল।

মুনোকে ধরণ ও কর্ণ মর্দ্দন)

ফটিক। কান মলায় সানবে না, মাষ্টার রীতিমত মার।

মুনো। এঁ্যা—এঁ্যা—

(ক্রন্দন

(ফটিকের মার প্রবেশ।)

ফটি-মা। ওরে কে কাঁদাচ্চিসরে, দাদু কি হয়েছে রে, কি হয়েছে?

মুনো। মাষ্টার শালা আমাদের মেরেছে—এঁ্যা—এঁ্যা।

(ক্রন্দন)

ফটি-মা। মাষ্টার ছেলে হুটোকে কেন কাঁদাচ্ছ? "ভাত কাপড়ের কেউ নয় কিল মারবার গোঁসাই", ছেলে হুটোকে দেখা শুনো চুলোয় গেল, রাত দিন ত ফটকের সঙ্গে ঘুরছ।

মাষ্টার। আজ্ঞে, ছেলে গুলো বড় বেসবত হয়েছে, ওর বাপকে মানে না, বেফাঁস কথা কয়।

ফটি-মা। তোমার আর সহবৎ শেখাতে হবে না, যেমন ফটকেকে শিখিয়েছ ত? ওর বাপের যেমন ছিরি, যেমন বুদ্ধি শুদ্ধি মানবে আবার কি? এর পর ওরা ডাগর হলে ওর গলা টিপে বাড়ী থেকে দূর করে দেবে। দাছ বাড়ীর ভেতর আয়, খাবার খাবি আয়; আর কাঁদতে হবে না।

ফটিক। দেখছ মাষ্টার, মার আস্কারা দেওয়াটা দেখ! ছেলে হুটোর পরকাল ঝরঝরে কচ্চেন আর কি।

ফটি মা। তোর পরকাল কে ঝরঝরে কল্লে রে, তুই এমন হলি কেন? তুই যে রোজ রোজ রাত বেড়াতে স্থুরু করেছিস্, তোর কতটা দৌড় আমি বুঝে নেব। বউ আর ছেলে হুটোকে কাছে রেখে তোকে দূর করে দেব। তখন পথে পথে হাড়ি শুঁড়ীর ভাত খেয়ে বেড়াতে হবে। মাষ্টার তোমায় বলছি, এমন করে যদি ফট্‌কের সঙ্গে বেড়াবে, তো খবরদার আমার বাড়ীতে পা দিও না।

মাষ্টার। আজ্ঞে আমি ত ফট্‌কের সঙ্গে বেড়াই না।

ফটি-মা। বেড়াও না, থাক কোথায়? রাত দিন ত চুলের টিকি দেখতে পাই না। তোরা বাড়ীর ভিতর আয়, আর-এ্যাঁ এ্যাঁ কত্তে হবে না।

টুনো ও মুনো। ম্যষ্টার শালা বাড়ীতে ভাত খেতে এস, তোমার পাতে থুতু দেব।

[ফটিকেরমা, টুনো ও মুনোর প্রস্থান।

মাষ্টার। ওঃ এসব ছেলেকে পাঁশ পেড়ে কাট্‌তে হয়।

ফটিক। মাষ্টার ওসব তিলুটে ছেলে, মার আদরে লাড়ু গোপাল হয়ে বেড়াচ্চে, দেখলে ত আমি জন্মদাতা আমায় মানেনা। তোমাকে আর কি বেশী গালাগাল দিয়েছে বল, তোমার যে বাপ মা তোলেনি এই তোমার চোদ্দপুরুষের পুন্যি। তোমার টাকাটা ঠিক আছে ?

মাষ্টার। ঠিক বলে ঠিক, ডান হাতে সই, বাঁ হাতে টাকা।

ফটিক। তবে চল আজই টাকা নেব। আর বাড়ী আসচিনি, আমার বড় ঘেন্না হয়েছে, নিজের পয়সায় বাবুয়ানা কর্ত্তে পারি ত কর্ব্বো। ও বেটীর মুখ নাড়া আর পোষায় না। কি বলবো, বাবা বেটা নেহাত্ হাত পা বেঁধে গেছে নইলে টেরটা পাওয়াতুম।

মাষ্টার। তোমার আবার ভাবনা! যতক্ষণ আমি আছি, সই কল্লেই টাকা।

ফটিক। মাষ্টার এখনি চল, আজ থেকে বাড়ীর সম্পর্ক তুল্লুম।

মাষ্টার। তবে চল বেরিয়ে পড়া যাক, বাবা তোমার মার দাবড়ানি তড়ফানি আমি বার কর্ব্বই, নইলে আমার মাষ্টার নাম মিথ্যে।

[উভয়ের প্রস্থান।

দ্বিতীয় নক্সা।

রেজেষ্টারী অফিসের সম্মুখ।

(গাড়োয়ান ও ঘেসেড়াণী।)

গীত।

ঘেসে। সমজ্ লিয়া তেরা দাগাদারী।
ঝুট মুট ঘুমাতে ম্যয়া দেও রুপেয়া মেরি॥
গাড়ো। বিবি কেয়া করে মেরা নসিব বুরা,
গাড়ী লেকে হাম্ সহর ঘুরা,
দেড়া রুপেয়া, নেই মিল্‌তা পূরা।
ঘেসে। নেহি শুনে বাতিয়া তেরা,
ঝুট্ মুট ঘুমাতে কাঁহা রুপেয়া মেরা॥
গাড়ো। পূজা আয়া কেয়া ডর্ তোমারি,
চুক্তি কর্‌ণে হাম পুরা তৈয়ারি,
ঘেসে। সব কই মিলকে ঘাস লেতা,
এক্ পয়সা কোহি নেই দেতা,
ক্যায়সে একেলা দিন গুজারী।

গাড়ো । মেরা পাশ আও, মজে মে রও
গলে মে নেহি ছুরি লাগাও
নেহি জানে হাম্ দুনিয়াদারী ॥

ঘেসে । দিল্ লেনা দেনা মুস্কিল ভারী ।

উভয়ে । দিল্ লেনা দেনা মুস্কিল ভারী ॥

(উভয়ের প্রস্থান)

(সেনজা ও তৎপশ্চাৎ বাঙ্গাল দালালের প্রবেশ)

সেন। এমন দুর্ব্বৎসরত কখন দেখিনি, যে বৎসর পূজোর সময় হাজার টাকা না কামিয়েছি, সে বছরই মিছে ; আর বৎসর এমন দিনে দশ বারটা কাজ ফর্সা, আজ পর্য্যন্ত একটা কাজ ও কর্ত্তে পাল্লুম না। কাপ্তেন সব ফোত, যদি মাষ্টার ঐ বেটাকে বাগিয়ে আন্‌তে পারে, টাকা ত তার বাপ মরা থেকে প্রস্তুত, তা হলে এ বছরটা টালে টোলে সারতে পারি।

দালাল। হুজুর এ গরীবের প্রতি লক্ষ্য করেন।

সেন। ফেউ লেগেছ যে, নিজের কুকুর পথ্যি করে কোথা, শঙ্করাকে ডাকে ? তুমিও যে ভাগীদার হতে এসেছ, আমার এখন মাথার ঘায়ে কুকুর পাগল, যাও যাও আর এক সময় বাড়ীতে এসে দেখা করো, এখন ভিড় ছাড়।

দালাল। মুশয় পেটতো টাল্‌তি হবে।

সেন। টাল্‌তি ত হবে, কাজ না আন্‌লে টালবে কোত্থেকে ? এতদিন ধরে বল্লুম ছোঁড়াটাকে বাগিয়ে আন তোমার

কিছু হয়ে যাক, তা, পারবে কেন? খালি বাক্যিতে রাজা উজির মারতে পার।

দালাল। মুশয় বাগাইমু কি, ও কারুর কর্ম্ম নয়, তার দাদা বিটা চাবুক লইয়ে বইসে থাহে, শ্যাষ কি পিঠ্যার ছাল থুয়ে আস্‌মু?

সেন। ও তোমার বাঙ্গালের কম্ম নয়, এ কাজে সহিসের চাবুক, দরোয়ানের নাগ্‌রা, মাথায় রেখে যেতে হয়, তবে কাজ হলে হতে পারে, যখন কচ্‌ ভরা টাকা নিয়ে যাবে তখন কি আর কাউকে ভাগ দেবে?

দালাল। "সর্ব্ব গন্ধ হরে তৈল, তৈল গন্ধ হরে নকি", ব্যবস্থা নি কল্লেন, এখন কাজটা করি দেহাতি পারেন?

সেন। কাজের মত কাজ হলে ত দেখাব, সে বেটা কাপ্তেন না কাপ্তেনের দরুন, কাজটা কর্ত্তে পাত্তে তোমার দু পয়সা হত আর আমার একদিনের হাত খরচা চলতো। এই হাত দিয়ে হাজার হাজার কাপ্তেন বেরিয়ে গেল; যে বেটা আমার হাত দিয়ে টাকা না নিয়েচে, সে বেটা কাপ্তে-নের মধ্যে ধর্ত্তব্যই নয়। ছত্রিশ হাজার কাপ্তেনের লিষ্টি আমার মুখে।

দালাল। মুশয় সে কাল আর নাই।

সেন। তোমরাই ত পাঁচ জনে পড়ে এ কাজের মাথা খেয়েছ, আগে পার্টির খাতির ছিল কি? এক বেটাকে কাপ্তেন করা গেল, অমনি চারদিক থেকে ধনীর লোক টাকার তোড়া, কালী, কাগজ, কলম, ষ্ট্যাম্প নিয়ে রাস্তার মোড়ে মোড়ে ঘুরচে, একটা সই আর টাকা, এমন দুপট্টি নিতে

নিতেই চলেছি, এক বেটাকে সবজীপুরের নবাব সাজান গেল, বাজার থেকে দু লাখ টাকা বেরিয়ে এল, এমন কত আওতি বাওতি চলেছে। এ সবে একটু বুদ্ধি চাই, সাপ ও না মরে লাঠি ও না ভাঙ্গে, নিজের পেট ও ভরাতে হবে, ধনীকে ও খাড়া রাখতে হবে। আজ পর্য্যন্ত আমার একটা কাজে বদনাম নেই, তোমাদের হ'ল উড়ো খই গোবিন্দায় নমঃ, যেমনি পাওয়া তেমনি খাওয়া, শেষটা ত দেখ না, যদি ছাগলে যব মাড়তো ত ভাবনা ছিল কি ? পাঁচজনে পাঁচ রকমে হ্যাণ্ড নোটের কাজটা উঠিয়ে দিলে।

দালাল। মুশয় এ পূজোয় চালাই ক্যায়ে? বড় মুস্কিল লাগচে। একটা কাজ দ্যান্ যে হাসিল কইরে, আপন গোর সন্তোষ কর্ত্তি পারি।

সেন। আর তুষ্টয় কাজ নেই, পষ্ট চলে যাও না।

দালাল। মুশয়! আশ্রয়ে পড়ি আছি, ক'নে যাইমু ?

সেন। ছিনে জোঁকের মত এসে ধরেছ, রক্ত না খেয়ে আর যাচ্চ না, তা আমি বেশ বুঝতে পাচ্চি।

দালাল। অ্যাজ্ঞে অ্যাজ্ঞে—

সেন। দেখ আমি উকিল পাড়ায় চল্লুম, ধনা বা মাষ্টার আসুক তাদের বসিয়ে রেখো, বলো আমি এখনি আস্ছি। এটা পারবে তো ?

দালাল। ই আর পারমুনা ? আপনি নিস্পরয়্যাই চলি যান, আমি অন্ন জল পরিত্যাগ কইরে রইল্যাম।

(সেনজার প্রস্থান)

(দপ্তরীগণের প্রবেশ)

গীত।

ঢং ঢং ঢং দশটা বাজে ঘড়িতে;
আমরা ভয় করিনা দেরীতে।
ছোট বড় সব কেরাণী,
সয় সাহেবের চোক রাঙ্গানি;
ওসবের ধার ধারিনি, পাঁচটায় যাই বাড়ীতে ॥
সাহেব বড় পেয়ার করে,
মেম সাহেব তার ওপোরে;
পাঠায় কেবল হাট বাজারে,
উপরি পোষায় চুরিতে।
কলম কাটি এম্নি করে,
দোতে ডুবিয়ে তুল্লে পরে,
সড় সড় সড় লেখা সরে,
খোদ্দের বেশী লেডিতে ॥

[দপ্তরী গণের প্রস্থান।

দালাল। আহা দপ্তরী বেটারা বরই সুহি। ঐ মাষ্টুর আসচে না?
হাঁ সত্যই ত মাষ্টুর, এই যে বাবুটীও সঙ্গে।

(মাষ্টার ও ফটিকের প্রবেশ)

যোশম বাবু উকিল পাড়ায় গ্যাছেন; এহনি আসবেন,

থায়ান্ আপন গোর, প্যামেণ্ট জরুরী, হুক্কলটী ঠিক, এই তিনি এলেন বলে, গরীব কাঙ্গাল এক পাশে পইড়ে আছে, আপন্‌গোর শ্রীচরণে স্থান দিব্যান।

মাষ্টার। তুমি বসগে, তাঁর সঙ্গে আমার দেখা হয়েছে; আমরা এই খানেই আছি।

দালাল। (স্বগত) মাষ্টুর হালার কি বরাত, খুব দাঁও লাগাইছে। আমরা হইলে দ্যাশে তিন থান জমিদারী কর্ত্তাম।

(ভজহরির প্রবেশ।)

মাষ্টার। হ্যালো গুড্‌ডে মিষ্টার ভজহরি।

ভজ। গুড্‌ডে মাষ্টার, আছ কেমন ?

মাষ্টার। Thanks, তুমি আছ কেমন ?

ভজ। বড় ভাল নয়।

মাষ্টার। আজ কাল তোমার কাগজ কেমন চল্‌চে ?

ভজ। সে কথা আর কেন বল দাদা, এখন সে সব ছেড়ে দিয়ে কাজের ধান্দায় এয়েছি, ও সব কায আমাদের মতন লোকের পোষায় না, বাড়িতে আট্‌কে বাঁধা থাকলে চলে, অন্ন চিন্তা মহা চিন্তা।

মাষ্টার। কেন কাগজ ত তোমার বেশ Self-supporting হয়েছিল ?

ভজ। ছাই হচ্ছিল, দেশের দু এক বেটা বড়লোককে গালাগাল দেওয়াতে কাগজটা বেশ কাট্‌তি হচ্ছিল। শেষ নানান জায়গা থেকে উকিলের চিটী আসতে লাগল, কি করি মকর্দ্দামার ভয়ে কারুর কাছে apology চেয়ে মিটুলুম, কাউকে বা টাকা দিয়ে মিটুলুম, এইতে পুঁজিপাটা খতম, সেইখানেই বেদব্যাসের বিশ্রাম। আর দু এক জনের হাল

দেখে সকলকেই লেখার চাল ফেরাতে হয়েছে; চলে নাকি?
চলে,—ঘরওয়া গড়াপেটা করে গালাগাল দিলে হয়, কে
আর ইচ্ছে করে গালাগাল খায় বল? বাঙ্গালী পরের
কুৎসা প্রিয়, কাজেই লোকের কুৎসা, নিন্দা, কাগজে না
থাকলে মনের মত হয় না, সুতরাং চলে না, অগত্যা কাগজ
বন্ধ কত্তে হয়।

মাষ্টার। কেন Political subject নিয়ে deal কত্তে পার।

ভজ। আমিতো Lord Byron নয় যে এক Poetry লিখে,
দেশ উদ্ধার করবো।

মাষ্টার। দেশের যাতে ভাল হয়, দেশীয় শিল্প, বাণিজ্য, যাতে রক্ষা
হয়, এসব বিষয় নিয়ে ত লিখতে পার। Hindoo Patriot
ত এককালে দেশের মুখ্য পত্র ছিল, সে আর কত লোককে
গাল দিয়ে বেড়িয়েছে বল।

ভজ। হ্যাঁ ঐ সব Article বীর তরঙ্গিনী ভাষায় লিখ্‌লে
কতকটা চল্‌তে পারে। কি কর্ব্বো দাদা সে রকম লেখা
আসে না।

মাষ্টার। বীর তরঙ্গিনী ভাষাটা কি?

ভজ। সে আর জান না? এই শোন "বিলাতী শিল্প ও বাণিজ্যে
আমাদের দেশীয় শিল্প ও বাণিজ্য উচ্ছন্ন প্রায়। আফগান
সীমান্তে রুশ ভল্লুক উপস্থিত, ব্রিটিস কেশরী গভীর নিদ্রা
পরিত্যাগ করিয়া জাগরিত হও।" মাষ্টার সমাজনীতি
লিখ্‌তে Defamation, আর রাজনীতি লিখ্‌তে Sedition
হয়ে যায়, যে Sedition এর সিডোফবিয়ার ধুয়া উঠেছে
কি আইন লিখতে Penal Code দেখ্‌তে হয়। Editory

মাথায় থাক্, ঘরের ছেলে ঘরে যাই; আমরা ত আর সে দরের Editor নই, যে পুলিশ ধরবে আর দশ হাজার টাকা চাঁদা উঠে যাবে, আর দুদিক থেকে লাভ হবে।

মাষ্টার। তবে এতগুল কাগজ চল্‌চে কিসে?

ভজ। যার চল্‌তি খাতা, তার চলে যাচ্চে, কিন্তু সে বড় বেশী দিন নয়। এখন চড়া সুর আর কারুর নেই। অনেকের ওপর পর্দ্দায় ছিঁড়ে গেছে, যাঁরা খুব সেয়ানা, তাঁরা সুর ফিরিয়ে এখন খাদে বলছেন। তবে থিয়েটারওলাকে চড়া পর্দ্দায় গাল দাও তার দাদ ফরেদ নেই, উল্‌টে থিয়েটারওলারা মন যোগাতে ব্যস্ত। এখনও তাদের বিলিতী Actor Actress এর রোগ ধরেনি তাই যা, নইলে অনেক স্যাঙ্গাতের পিঠের ছাল, চাবুকের চোটে উড়ে যেত। আমি আসি ভাই, বেলাও হয়ে এল, আবার পাঁচটা আফিসে ঘুরতে হবে।

মাষ্টার। তোমার কষ্ট শুনে বড় দুঃখিত হলেম, তুমি হচ্চ আমার Old Friend তোমার উপকার কত্তে কোনরূপ ক্রটী করবো না। আমার জনকতক কাগজওয়ালাকে হাত করা দরকার হয়েছে, তারা তোমার Colleagues তোমার দ্বারা আমার সে কার্য্য সহজে হবে। এস তোমাকে ফটিকের সঙ্গে Introduce করে দি। ফটিক ইনি একজন বড় দরের Editor ছিলেন।

ভজ। I am glad to see you Fatick Babu.

ফটিক। আমি খুব Fortunate যে আপনার সঙ্গে আমার আলাপ হল।

মাষ্টার। "দারিদ্র্য দোষ, গুণরাশি নাশী" এক টানাটানিতে এঁকে খেয়েছে, সকল গুণ ছাই ঢাকা পড়েছে। ভায়া, ফটিক বাবুর কাছে থেকে যাও, রাজার হাল স্বর্গে বয়।

ভজ। তাতে আর ক্ষতি কি, বনিয়াদী লোকের আঁস্তাকুড়ও ভাল। (স্বগত) এ ছোঁড়াকে যদি হাত কত্তে পারি, তা হলেই পৃথিবী থরহরি কম্পবান করে ছাড়বো। বরাতটা নিতান্ত পাথর চাপা নয়, গোড়া পত্তনে দেখছি।

ফটিক। মাষ্টার দেখা হল সেই ভাল, আবার ভেজাল জোটাচ্চ কেন? পাতলা হতে বল।

মাষ্টার। না হে মতলব আছে, আমরা ত আর সদাব্রত খুলিনি।

ফটিক। যদি কিছু ভাল বুঝে থাক কর, তাতে আমার কোন আপত্তি নাই।

(সেনজা, উকীল ও একজন মাড়োয়ারীর প্রবেশ)

মাষ্টার। কি হে সেনজা, এত যে দেরী কল্লে, কারণ কি?

সেনজা। কাজের গতিকে দেরী হয়ে গেল ভায়া, বাবুর মোকাম থেকে লাখ টাকার তবিল তছরূপের খবর এসেছে, তারই বন্দোবস্ত কত্তে ওঁর দেরী হয়ে গেল, কাজে কাজেই আমার ও হলো।

মাড়া। সেনজী ও সব বাত ছোড় দি জিয়ে, জল্‌দি জল্‌দি কাম খালাস করকে, হামকো ছুট্টি দি জিয়ে, উকিল বাবু চলিয়ে।

মাষ্টার। দেখলে ফটিকচাঁদ, এমন এক এক [illegible] রথচাইল্ড— বিলিতী কুবের।

উকীল। সকলে আসুন, আর মিছিমিছি Late করবার কিছু দরকার নাই। It will take two or three minutes more. Registrar আমার একজন Personal Friend আসুন, আসুন।

মাষ্টার। ফটিক চাঁদ টাকা নিয়েই একেবারে আস্‌মানের বাড়ি উঠ্‌তে হবে, যাবার সময় বিশ্বনাথ লার দোকান থেকে এক কেস মদ নিয়ে যেতে হবে।

ফটিক। মাষ্টার থাম, আমার কিছু ভাল লাগছে না।

মাষ্টার। কেন বাবা? Great Eastern এ Refresh হয়ে যাওয়া যাবে।

ফটিক। আগে কাজ সেরে নাও।

মাষ্টার। শীগ্‌গির শীগ্‌গির চল।

[সকলের প্রস্থান।

(মেল ও ফিমেল কেরাণীগণের প্রবেশ।)

গীত।

১ম মেলকেরাণী। মাইনে আমার দশটা টাকা
চালাই কেমন করে।
গিন্নীর চাই পার্শী শাড়ী,
ফিমেলকেরাণী। নইলে খেংরা আছে ঘরে॥
২য় মেলকেরাণী। আমার গিন্নীর ভারী খাঁই,
জিনিষের ফর্দ্দে গাড়ী বোঝাই,
তিরিশ টাকায় চলে কি ভাই, এই পুজ'র বাজারে।

ফিমেলকেরাণী। নইলে খেংরা আছে ঘরে ॥

৩য় মেলকেরাণী। কষ্ট দুঃখ সকল স'ন্,
আমার তিনি তেমন নন্,
সখের মধ্যে এসেন্স মাখা, চালাই আমি ধারে।

ফিমেলকেরাণী। নইলে খেংরা আছে ঘরে ॥

৪র্থ মেলকেরাণী। গিন্নীর এবার বড় কোট
চাই এয়ারিং, নেকলেস্, গোট,
ব্রেসলেট, চুড়ী, সলমা শাড়ী,
ভয় দেখান গলায় দড়ি ;
নইলে দাও পাঁচশ টাকা, মোটের উপর ধরে।

ফিমেল কেরাণী। নইলে খেংরা আছে ঘরে ॥

৫ম মেলকেরাণী। ও সব কিছু ভাবিনে ভাই,
ন্যাকড়া পরে ত দিন কাটাই,
পাওনাদারের খাঁই খাঁই, মেটাই কেমন করে।

ফিমেল কেরাণী। তবে খেংরা আছে ঘরে ॥

মেল সকলে। বেলা গেল সন্ধ্যে হল, বেরিয়েছি সব ভোরে,
ভাবলে ভাই আর কি হবে, পুজ'র মা যা করে।

ফিমেল। যাও যাও যাও ঘরে যাও, খেংরা আছে ঘরে ॥

[পুরুষদের প্রস্থান ।

তৃতীয় নক্সা।

(ফটিকের গৃহ)

হেমলতা ও Miss Mary.

মেরী। বউ! তোমার স্বামীর সহিত কিরূপ প্রেম, তিনি তোমায় কিরূপ ভাল বাসেন? তুমি দিন দিন মলিন হইতেছ কেন?

হেম। কেন, স্বামী যেমন স্ত্রীকে ভালবাসে, তিনিও আমায় তেমনি ভাল বাসেন।

মেরী। না, না, তুমি Idea করিতে পারিতেছ না। Connubiality of doves অর্থাৎ ঘুঘুর ভালবাসা; তোমাদের ভালবাসা কি সেই প্রকার?

হেম। (সহাস্যে) ও হরি, তা হলে ত সর্ব্বনাশ, ঘুঘু বাড়ীতে বস্‌লে ভিটে মাটী চাটী, ভালবাসায় কি হয় জানি নে; না মেম্ আমাদের ভালবাসা সে রকম নয়, সে ভাব মুখে বলা যায় না।

মেরী। দাম্পত্য প্রেম তোমরা বোঝ, আমার বিবেচনায় বাঙ্গালী-দের সে প্রেম হইতে পারে না; কারণ যখন তোমরা স্বামীকে ভক্তি কর, সেই স্থলে উচ্চ নীচ বিচার হইতেছে। If equal be added to unequal, the whole is

unequal, according to the 4th axiom. আরও mutual attachment অর্থাৎ পরস্পরের আসক্তির প্রয়োজন।

হেম। মেম! আমরা স্বামীকে একরূপে দেখি না—গুরুর ন্যায় ভক্তি করি, দেবতার ন্যায় পূজা করি, ভালবাসায় প্রাণে প্রাণে মিশিয়া স্বর্গ সুখ উপভোগ করি।

মেরী। (সহাস্যে) Ho! Ho! Ho! That's Ideal; you don't know Wife's duty অর্থাৎ তোমরা স্ত্রীর কর্ত্তব্য জান না; না জানিয়া স্বামীকে পূজা ভক্তি কর। আমাদের মতে স্বামী Play—thing—খেলবার জিনিষ, Companion সঙ্গী, আমাদের মত তোমাদের মতের বিভিন্ন। স্বামীকে যেরূপ রাখিব, সেইরূপ থাকিবে; যাহা বলিব, তাহা করিবে; সঙ্গে২ সহচরের ন্যায় ফিরিবে। তোমাদের ভালবাসা That's slavery অর্থাৎ দাসত্ব, তোমরা স্বাধীন নও তোমরা তোমাদের স্বামীর আজ্ঞাধীন, অন্যদিকে তোমাদিগের স্বামী ইচ্ছামত সকল করিতে পারেন তোমরা কিন্তু পার না।

(নাপ্তিনীর প্রবেশ)

গীত।

সুবাসিত আলতা কেনা সাঁয়ের দোকানে,
এনেছি অতি যতনে।
কা'ল পেঁচা বুড়ী হলে, সাবান ঘসে
পায়ে দিলে,
ফোটে পায় রাঙ্গা কমল, সুবাস ছোটে অলিকুলে,

বউঠাকরুণ! এস গো; ওমা! মেম রয়েছে, নজ্জার মাথা একেবারে খেয়েছি।

হেম। তা নয় আর একটু নাচ গান হ'ক।

নাপ্তিনী। কি বল গো; তোমার কাছে রঙ্গরস করি বলে কি, সকলকার কাছেই কত্তে হবে? মেম যে ওখানে বসে রয়েছেন তাকি আমি জানি। ওমা ঘেন্নায় মরি, ঘেন্নায় মরি, যাব কোথা?

হেম। যেতে আর কোথাও হবে না। মেম এসব বড় ভাল বাসেন। নূতন গান টান কি শিখিছিস গা'।

মেরী। তোমার স্ত্রী স্বাধীনতা দেখিয়া, আমি অত্যন্ত প্রীত হইয়াছি। তোমার স্বামী আছে?

নাপ্তিনী। সেমী সেমী কি বলছ মেম?

হেম। ওলো নেকী সোয়ামী, ভাতার, ভাতার।

নাপ্তিনী। চোকের মাথা খেয়েছে নাকি? এমন সিঁদুর মাথায় টক্ টক্ কচ্চে, এমন শাড়ী, শাঁখা, চুড়ি, মাগী আর জানে না যে এইস্ত্রী কি বিধবা?

হেম। চুপ কল্লো হতচ্ছাড়ি, ভাল বুঝতে পাল্লে আর রক্ষে রাখ্‌বে না। সবে এই বিলেত থেকে এসেছে।

নাপ্তিনী। নাও গো নাও; বিলিতি মেম বুঝি আমরা দেখিনি; তাদের বুঝি অমন আলো করা চেহারা? অমন মেম ত কেষ্ট বাগানের ইস্কুলে ২০০।৫০০ রয়েছে। কোন্ হাড়ী বাগ্দীর মেয়ে খেষ্টান হয়েছে, আর না হয় বেম্মদত্তি না কি বলে, তাই হয়েছে।

মেরী। Aha! she is a jolly woman.

নাপ্তিনী। ও মেম জোলা জোলা কি বলছ গা, তোমাদের দলে আবার টান কেন? আমরা হলুম নাপিত, জল আচারী।

মেরী। তুমি বেশ আমুদে, তোমার স্বামী তোমাকে বাইরে বেরুতে দিয়েছেন?

নাপ্তিনী। বাইরে না বেরুলে কি আমাদের চলে, বাইরের পাঁচ বাড়ী নিয়েই আমাদের দিন গুজরাণ হয়। (স্বগত) আহা মেমটী বেশ, ঠ্যাকারে নয় কথাগুলি বেশ মিষ্টি। (প্রকাশ্যে) মেম আমায় নেকাপড়া শেখাবে? গরীব, দুঃখী, আমাদের পয়সা কড়ি নেই; আর সময় বা কোথা, বড় চাকুরে বাবুর মাগ হতুম, খাটে শুয়ে পা ছড়াতুম, পশম বুনতুম, বই পড়তুম; আমাদের কপাল পোড়া কপাল। এস গো, এস বউ ঠাকরুণ. তোমাকে কামিয়ে নিয়ে আবার পাঁচ বাড়ী পুজোর কামান কামাতে যেতে হবে।

হেম। আচ্ছা তুই ততক্ষণ মার নখ কেটে দিগে, আমি যাচ্ছি।

মেরী। তোমার স্বামী তোমায় কেমন ভালবাসে?

নাপ্তিনী। ভালবাসা কেমন তা ত বুঝতে পারি না; তুমি মিন্সের সঙ্গে একদিন ঘর করে, বুঝিয়ে দিতে পার? কাপড় ছেড়ে পালাতে পারে বাঁচি, মাথায় থাক ভাতার ঘর করা, পান থেকে চুন খসলে, মেরে হাড় গুঁড়ো করে। দিন রাত, ব্যাং খুঁচুনি, লোকের বাড়ী এলে তবে হাড় জুড়োয়।

মেরী। তুমি Divorce কত্তে ইচ্ছা কর?

নাপ্তিনী। ওমা, ধাই বউ কি! কার ছেলে হবে গা?

মেরী। Divorce অর্থাৎ বিবাহ-বন্ধন ছেদ। তারপর অপর যাহাকে ইচ্ছা বিবাহ করিতে পার।

নাপ্তিনী। মহাভারত! মহাভারত! এ কথা আমাদের শুন্‌তে আছে, না মুখে আন্‌তে আছে। নিকে করবে মোচনমানে, আমরা হিঁদুর মেয়ে।

মেরী। কেন? এই তুমি বলিতেছিলে, যে তোমার স্বামী তোমাকে ভারী কষ্ট দেয়। To be relieved from the trouble আমি বলছি, যদি তুমি রাজী হও, তোমার মত আর দু পাঁচ জনের সই নিয়ে women's friendly society থেকে Legislative Council এ দরখাস্ত করে, সম্মতি আইনের মত এই আইন জারী করাই।

নাঁপ্তিন। ছি! ছি! এমন কথা কানে শুন্‌তে হল, এতে মহা-পাতক হবে। মেম! জ্বালার কথা, মুখে বলি বইত নয়; যখন রোগে বিছনায় পড়ে থাকি, যাতনায় ছট্‌-ফট্‌ করি, মিন্সে প্রাণ দিলে, যদি আমি ভাল হই, তাতে প্রাণ দিতে কাতর হয় না। সে সময় যেন স্বগ্‌গের চাঁদ হাতে পাই। তার তুলনায় এ জ্বালা কি জ্বালা? মেম! তুমি হিঁদু হলে, হিঁদুর প্রাণ বুঝতে পাত্তে। হিঁদু ছাড়া, কখন একথা বুঝতে পারে না, যে কেন জ্বালার কথা বলি।

হেমলতা। ওলো থাম্‌ থাম্‌, তোকে এই বার কেশব সেনের গির্জ্জেয় পাঠিয়ে দেবো, এখন তুই একটা গান গা।

(নাপ্তিনীর গীত।)

আমার এমনি কপাল পোড়া,
মিন্সে আমার ন্যাকা বোকা যেন কচি ছোঁড়া।
শুতে বল্‌লে বসে কাশে
খেতে বল্‌লে মারতে আসে,
সব কাজেতে, এমন ধারা উল্‌টো আগাগোড়া।
রসিক কিসে বলবো তারে,
রেখে যায় একলা ঘরে,
ফাঁকের ঘরে কত ছোঁড়া দেয় শিকল নাড়া।

বউ দিদি! শিগ্‌গির এস বাবু, আজ আমাকে অনেক বাড়ী ঘুর্‌তে হবে, বেশী দেরী কত্তে পারব না।

[নাপ্তিনীর প্রস্থান।

(পদীর প্রবেশ)

পদী। ওগো বউদিদি বাবু! শিগ্‌গির এস; মা ঠাকরুণ ডাকছেন, পূজোর কি জিনিষ টিনিষ বার কত্তে হবে।

মেরী। বউ কি পূজা?

হেম। দুর্গাপূজা। বছর বছর আমাদের বাড়ীতে দুর্গা পূজা হয়।

মেরী। দুর্গা পূজা? দুর্গা পূজা! Idolatry পৌত্তলিকতা, দুর্গা পূজা।

হেম। আপনি কি জানেন না, যে দুর্গা পূজা আমাদের একটা মহাপূজা; আমাদের পর্ব্বের মধ্যে এইটা মহাপর্ব্ব।

মেরী। দুর্গাপূজা! দুর্গাপূজা!

পদী। (স্বগত) "অসৈরন সইতে নারি, সিকেয় বসে ঝুলে মরি," আমি কি আর আজকের পদী, দুনিয়ায় চিনিনি হেন লোক নেই। রোস, তোমার মেমগিরি ঘোচাচ্চি। (প্রকাশ্যে) বলি, ও কালামুখী মুখ ত পুড়িয়েছ, তুমি দুর্গাপূজা জাননা? তোমার বাবা নন্দা ঢুলি চুঁচড়োর শীলেদের বাড়ী পূজোয় বাজাত, শীলেদের পাতের খেয়ে, তোর সাত গুষ্টি মানুষ, এখন মেম হয়েছেন, দুর্গাপূজা জানেন না?

মেরী। বউ! She is mad, send her at once to the Lunatic Asylum পাগলা গারদে পাঠাও, পাগলা গারদে পাঠাও।

হেম। পদী আমি এখনি মার কাছে বলে দেবো; মিছি মিছি কি বক্‌ছিস?

পদী। যদি কিছু অন্যায় বলি, কসুর থাকে, ঝাঁটা মেরে বিদেয় কর। আমি সাত হাটের কাণা কড়ি—কাগভূষণ্ডী, আমার কছে ওর কুলুচি রয়েছে। যাবি কোথা? ও চুন্নি! কালামুখী, গতরখাকী! আমায় পাগলা গারদে দেবে? কোম্পানি বাহাদুর তোদের সব আগে না পাঠিয়ে আমায় পাঠাবে?

হেম। পদী মার কাছে যা, তুই কি বলছিস আমি বুঝতে পারি না।

পদী। বউ দিদি বাবু। ওর কুলুচি শোন, নন্দা ঢুলি ওর খুব অল্প বয়সে বে দেয়, তার পর কড়ে রাঁড়ী হয়। একটা মেম ওর বাপকে লোভ দেখিয়ে খ্রেষ্টান করবার জন্য বাড়ীতে এসে পড়াতে, হঠাৎ একদিন একটা সাহেবের সঙ্গে বেরিয়ে যায়। তারপর শোনা গেল যে কলকেতায়

আছে। আজকাল বেটীকে, এই তোমাদের বাড়ী দেখতে পাচ্চি। বেটীর মা লোকের বাড়ীতে টুক্‌নি সেধে বেড়ায়, বেটি আমার মেম হয়েছেন, দুর্গা পূজো জানেন না।

মেরী। Kick her out লাথি মেরে বার করে দাও।

হেমলতা। যা পদী মার কাছে যা আমি যাচ্চি, যা না, দাঁড়িয়ে রয়েছিস কেন ? যা—যা—যা!

পদী। এই চল্লুম। মা ঠাকরুণকে বলে বেটীর বাড়ী ঢোকা ঘোচাচ্চি—মর বেটী, দুর্গ পূজো জানেন না।

[পদীর প্রস্থান।

মেরী। It is a great shame that your maidservant is so much impertinent. I should bring a charge against her and teach her a rare lesson. Then she will know who I am.

হেম। মেম আমাকে মাপ করুন, ও আমার শাশুড়ীকে মানুষ করেছে। কাজেই খাতিরে কিছু বলতে পারি না। আর কখন এমন হবে না।

মেরী। Oh ! No ! No ! তোমার সঙ্গে আমার কিছু নয় you are an innocent girl. I bid you farewell for the present এক্ষণে বিদায়, মকর্দ্দমান্তে সাক্ষাৎ।

হেম। আপনি কি আর আসবেন না ?

মেরী। ঐ ঝি যত দিন থাকিবে ততদিন নয়, Good bye, Good bye,

[কর মর্দ্দন ও প্রস্থান।

হেমলতা। মার আদুরে বলে পদীর বুক বেড়ে গেছে। সত্যিই ত পদীর অন্যায় ও পূজো জানুক আর না জানুক তোর কি? পাঁচ জ্বালায় জ্বালাতন হয়েছি, সকালে উনি ত শাসিয়ে গেলেন আর বাড়ী মু'খ হবেন না; মাষ্টারের বা কি দোষ দেবো, দোষ আমার কপালের; আর জন্মে বোধ হয় স্বামীকে অনেক জ্বালিয়েছি তাহারই প্রতিফল হাতে হাতে ভোগ কচ্চি, এখন মার কাছে যাই, দেরী হলে আবার তিনি রাগ করবেন।

[প্রস্থান।

চতুর্থ নক্সা।

(রাস্তা)

(বারাণ্ডায় কতিপয় বেশ্যা)।

১ম বেশ্যা। ওলো সই পুজো্য় কি করবি ঠাওরাচ্চিস্ ?

২য় বেশ্যা। ঠাওরাব আর কি বল, যা হবার তাই হবে, তোমার সইয়ের সয়া যে ভেগেছে, মেয়ে মানুষ রাখা তো মুখের কথা নয়, কত রাজা রাজড়া ঘোল খেয়ে যায়। কলকেতার লোক সব জোচ্চার, ফাঁকি দিতে পাল্লে কেউ ছাড়ে না। একটা বাঙ্গাল টাঙ্গাল জোটে, তা হলে বুঝতে পারি।

৩য় বেশ্যা। যা বলিচিস ভাই! বাঙ্গালগুনো খুব দেয় থোয়, দেখলি নবনে্ বাঙ্গাল, এক বছরের ভেতর তেলাকুচোকে চারখানা বাড়ি করে দিয়েছে। গয়নার উপর গয়না, কাপড়ের ওপর কাপড়, মুখের কথা খসাতে না খসাতে এনে দিচ্চে।

১ম বেশ্যা। বেটী যখন রাধী বষ্টমীর বাড়ীতে ছিলো, মড়া, রোগা, হাড় জির জির কচ্চে, এখন টাকার হাওয়ায় গত্তি লেগেছে। মেটে মেটে রং ফেটে পড়ছে, চেহারা যেন ভেঙ্গে পড়েছে।

৩য় বেশ্যা। ওলো চেহারা চেহারা কি দেখাচ্চিস? আমার চেহারা এককালে কি কম ছিলো, যখন দিনেজপুরের বাবুর কাছে ছিলুম, লোকের মুণ্ডু ঘুরে যেত, কত ছোঁড়া বাড়ীর সামনে হোঁচোট খেয়ে মরেছে।

২য় বেশ্যা। ওলো তোর কালিকেষ্টর কি হল।

৩য় বেশ্যা। কি আর হবে? ওই টেঁপা আঁটকুড়ীর বেটা কি কম পাজী? মণির ঘরে নিয়ে গিয়ে জুটিয়েছে, বেটাকে এক দিন দেখ্‌লে খেংরে দোবো। টেঁপা বেটার তো এখানে ট্যাঁ ফোঁ চলতো না, বেটার ঐ তো নন্দী প্যাটেনের চেহারা, সকালে মুখ দেখলে অন্ন হয় না।

২য় বেশ্যা। ওরে ঐ মাষ্টার আর ফট্‌কে খুব হৈ রৈ করে আস্‌ছে। বেশ পেকেচে দেখচি, মাষ্টার বেটা কি কম বজ্জাত. কত জায়গায় মার খেয়েছে, তবু বেটার হায়া নেই; বজ্জাতি কত্তে ছাড়ে না। এখনি আমাদের দেখলে গালাগাল দেবে, না হয় ঘরে এসে উৎপাত করবে, আর বাজে পান তামাকের শ্রাদ্ধ করবে। সরে পড়ি আয়।

[সকলের প্রস্থান।

(হিন্দু আণ্ডার টেকার গণের প্রবেশ।)

গীত।

খুলেছি হিন্দু মতে আন্‌ডারটেকারী,
শ'এ বা গোরে দিতে এক নিমেষে পারি।
এক বাঙ্গালী নানান্ বেশ পরে,
কে হিঁদু কে মোশলমান কেবা ঠিক করে,

চীনে, মগ, উড়ে কখন, কখন বা হ্যাট কোট ধারী।
এদের ধর্ম্ম কর্ম্মের ঠায় ঠিকানা নাই,
কেউ বা আল্লা, কেউ বা যীশু, কেউ ভজে নিমাই।
বল এখন কার কি রকম চাই
রেখেছি এন্‌গেজ করে অন্‌ডারটেকার রকমারী॥

(মাষ্টার ও ফটিকের প্রবেশ।)

মাষ্টার। কিহে নদের চাঁদ! খোল কত্তাল বাজিয়ে কোথায় চলেছ, তোমার আবার কিসের দল, নববিধানি না নব হুল্লোড়। পোষাকেত কিছু মালুম হয় না; এ কি ফ্যাসান বাবা? টিকি ও রেখেছ, জামা গায়ে—জুতো পায়ে, গলায় নামাবলী ঝুলছে, তুমি কি চাঁদ কর্ত্তাভজা?

নদেরচাঁদ। তুমি যা ঠাওরাচ্চ তার কিছু না; সম্প্রতি হিন্দু সদ্গতি বিধায়িনী বলে একটা অফিস খুলেছি।

মাষ্টার। অর্থাৎ হিন্দু মতে আণ্ডার টেকারী, হিন্দু মতে বেকারী, ম্যারী, কুকারী, ডেয়ারী, মিসনারীতে মহামারী করে তুলেছে, শেষ তুমি আণ্ডারটেকারী খুলে বাকী টুকু পুষিয়ে দিচ্চ। অন্তে গঙ্গা নারায়ণ ব্রহ্ম বল। চাঁদ! সটান Bombay যাও না; সেখানে এখন Plague এর জের মেটেনি, হাজার হাজার লোকের সৎকার করগে; এক বছরের ভিতর chance ফিরে যাবে এখন।

নদেরচাঁদ। মাষ্টার! এতে দেশের কত মঙ্গল হচ্চে তা তুমি বুঝতে পাচ্চ না। লোকের বাড়ীতে কারুকে খাটে নিয়ে

যেতে হলে লোক পাওয়া যায় না, মহা বিপদে পড়তে হয়, কিন্তু এখানে একটু খবর দিলে কিছু ঝন্‌ঝট্‌ পোয়াতে হবে না। খরচা খুব কম, মোটে দু টাকা।

মাষ্টার। এতে খরচা পোষাবে কি করে চাঁদ? তুমি ত আর ডাক্তার নও, advice gratis দিয়ে Prescription এর commission এ পুষিয়ে নেবে।

নদের চাঁদ। মাষ্টার Vital statistics দেখো, সহরে average death টা কর্ত্ত! আমি হচ্চি undertaker of all nations, মানিকতলায় বল, Burial ground এ বল নিমতলায় বল, কাশী মিত্তিরের ঘাটে বল, ক্যাওড়াতলায় বল, একটু লিখিলেই Promptly পাঠিয়ে দেবো। সকল রকম জাত Engage করেছি, ব্যবসাটা চালাতে পাল্লে, বুঝি লাভ হয় কি না?

মাষ্টার। লাভ যে চাক্ষুস দেখতে পাচ্চি, যমের রাস্তা পরিষ্কার ক'চ্চ, তুমি মলে কোন নেচারে যাবে চাঁদ?

নদের চাঁদ। (ব্যস্তভাবে) মাষ্টার চল্লুম ভাই! হাতে অনেক কাজ আছে। এখনি তাকিয়া হরির মাকে গঙ্গা যাত্রা কত্তে হবে।

মাষ্টার। যাত্রা কেন হাফ্‌ আখড়াই—ফুল আখড়াই করগে। হ্যাঁ তোমার ঠিকানাটা কি?

নদের চাঁদ। ৩৬ নং কাশী মিত্তিরের ঘাটে।

মাষ্টার। আগেই দখল করে বসেছ যে, যেতে আর কষ্ট হবে না।

নদের চাঁদ। মাষ্টার আসি ভাই।

মাষ্টার। এস। ফটিক মদ লেয়াও।

[নদেরচাঁদ সদলে প্রস্থান।

ফটিক। মাষ্টার! রাস্তায় কেন? আসমানির বাড়ী চল্ সেই খানে খাবি।

মাষ্টার। নেহি হোগা, আভি মাংতা।

ফটিক। মাষ্টার! যার ছেলে যত খায় তার ছেলে তত চায়, এই যে হোটেলে বসে গাণ্ডে পিণ্ডে মদ খেলি, একটু তর্ সয় না?

মাষ্টার। ফটি কচাঁদ! বাবা তোমার ডিটেনের Idea নেই; এক সেকেণ্ডে ট্রেণে কলিশন, রাজ্যে রেভোলিউশন, বাজারে Fluctuation, এমন কি nature এর alteration হতে পারে। অতএব তোমার Idea র emendation দরকার।

ফটিক। মাষ্টার! অমন কর তো তুমি থাক, আমি চল্লুম। যদি ঠিক থাকৃতে পারবে না, তো মদ খাওয়া কেন? বাবুর আস্বা ত কম নয় Raw Brandy টানা, কেলেঙ্কারীর চূড়ান্ত হচ্চে।

মাষ্টার। ফটিক, scandal কেলেঙ্কারী! Scandal তো বড় লোকেরই হয়ে থাকে। এই ক বছরের কাগজ খুলে দেখ, কত বড় বড় লোকের Scandal বেরিয়েছে; কার নাম করে জেলে যাব?

ফটিক। মাষ্টার তোমার ঝোলায় চাপবার ইচ্ছে হয়েছে, আমি বুঝতে পেরেছি, তোমার বদমায়েসী বই ত় নয়, আমি চল্লুম।

মাষ্টার। Never mind চলে যাও, পুলিশ আমায় ধরে ধরবে, মদ খেলুম, মাতাল হলুম, পুলিশে নাম Registered হবে না তবে আবার মাতাল কিসের?

(সেনজার ও দালালের প্রবেশ।)

ফটিক। লাট! তোমার মাষ্টারকে দেখ। আমি চল্লুম।

সেন। আপনি যান, আমরা নিয়ে যাচ্চি।

[ফটিকের প্রস্থান।

দালাল। ও মাষ্টার বাবু! রাস্তার মদ্দি কর্‌চেন্ কি? এই দ্যাহেন, আমার কাছে বোতল দ্যাহেন্।

মাষ্টার। Drink till the bottom parallel to the roof বোতল ভাং, গলায় ঢাল।

সেন। মাষ্টার চল্ না আসমাণির বাড়ী, সেখানে তোফা Ice Soda দিয়ে তোয়াজ করে মদ খাওয়া যাবে। এ যে তোমার সেলারি মদ খাওয়া।

মাষ্টার। তবে একান্ত দেবে না? আমার যেখানে প্রাণ চায় চল্লুম। এই শালা বাঙ্গাল, বোতলটা আমায় দে।

দালাল। রাস্তার মদ্দি বোতল লইয়ে আবার টানছেন কেনে; সেই হানে চলেন। (স্বগত) শালাকে দিলেম্ আর কি? আপনার যাত্রা পরকে দিয়ে। দৈবক বেড়ায় মাথায় হাত দিয়ে।

মাষ্টার। চল বাবা quick march।

[সকলের প্রস্থান।

(যারমেডগণের প্রবেশ।)

গীত

বোম্বের আমদানী গোলাপী খাঁটী,

Suits one and all, we guarantee;

টেনে নাও গ্ল্যাস ভরা নেশার জমাটী ;
ফুর ফুরে হাওয়ায় বসে,
Sweetheart নিয়ে পাশে,
দেখবে একটী ডোজে কত নভেলটী ;
যে জোড়ের জোড় মেলাতে,
নাইকো আর এমন ছুটী ॥

[উভয়ের প্রস্থান ।

—

প্রথম নক্সা।

আসমানির বৈঠকখানা।

[ফটিক, মাষ্টার, উকিল, ভজহরি ও নটবর]

ফটিক। লাট, মদটা Distribute কর।

সেন। আমায় কত্তে হবে না; নটবর! চালাও।

দালাল। গোলাম হাজীর, হুকুম কল্লি হয়।

সেন। ফটিক বাবু এ একজন তুখড় লোক, বাজার ঘুর্‌লে জোড়া মেলে না।

দালাল। আপনার চেয়ে অনেক খাম্‌তি।

ফটিক। মাষ্টারকে কিন্তু মদ দিও না।

মাষ্টার। ফটিকচাঁদ তোমার এতটা জুলুম কেন বাবা? আমাদের পেট ভিস্তির মশক, তিন ছটাক মদে কি হবে বল?

উকিল। ফটিক বাবু! For my sake please let master enjoy. না দেওয়া—Out of Etiquette; দলের সকলকেই offer করা উচিত, যিনি খান আর না খান।

ভজহরি। I agree with your proposal.

মাষ্টার। Ladies and gentlemen, I am greatly obliged for your kindness and pleadings, উকিল বাবু! আপনি আইনে Advocate General. Logic এ Bentham.

দালাল। মাষ্টার বাবু! বাঁড়ুয্যে সাহেবের মত বক্তৃতা করেন

ফটিক। মাষ্টার ইংরেজী তো ঝাড়লি, এখানে মেয়ে মানুষ কোথায় যে Ladies বল্লি?

মাষ্টার। তোমার যে Idea বাবা বিলেত যাওয়া—গঙ্গাপার। কখন কোন সভা সমিতিতে ত যাওনি সভার মধ্যে ত এই স্থান। চিঠি লেখার পাট যেমন প্রণাম শতকোটী নিবেদন মিদং ইত্যাদি, তেমনি address এর পাট Ladies and Gentlemen.

(সকলের মদ্যপান)

উকিল। ফটিক বাবু! আপনার বিবিজান কোথায়? আসর যে মিইয়ে যাচ্চে।

ফটিক। মাষ্টার একবার তাড়া দাওগে।

মাষ্টার। জিন সওয়ার হলে চল্‌বে কেন বাবা, সেজে গুজে পায়ে হেঁটে ত তাকে আস্‌তে হবে।

(আস্‌মানীর মার প্রবেশ।)

আ-মা। তোমরা এখন তামাক পাওনি, ওরে বেটা গৌরে তামাক দেনা।

মাষ্টার। মা এঁরা তামাক খান না, অত ব্যস্ত হতে হবে না, এ কাজের প্রথমে খাতিরের চূড়ান্ত, পশ্চাৎ ইয়ারকির জুতান্ত তা হলেই বস্‌।

আ-মা। কেন মাষ্টার বাবু! কেন তোমাদের কি অখাতির হচ্চে, বলে ফেলুন, গৌরেকে গলা টিপে দূর করে দেবো।

দালাল। ওগো বাছা, বিবিকে জল্‌দি জল্‌দি পাঠায়ে দেন, এঁরা [illegible] লোক কোলকেতার মাথা।

আ-মা। মাষ্টার বাবু শুন্‌ন।

মাষ্টার। এখানে বলনা মা ; এ সব তোমার ঘরের ছেলে, আমাদের সব open secret.

ভজহরি। Every man has his own privacy শোন না মাষ্টার কি বলে!

ফটিক। মাষ্টার যাও শোন গে।

মাষ্টার। (উঠিয়া) কিগা?

আ-মা। যেমন কথা আছে তেমনি টাকা গুলি সব দাও, এখনি পূজার খরচা আছে।

ফটিক। What's the matter?

মাষ্টার। She is asking for that sum which we settled with her.

ফটিক। Pay her at once.

মাষ্টার। এই নাও (আসমানির মাকে টাকা দেওন) দেখ, ফটিক আমার ভাসা কাপ্তেন নয়, Liner steamer এর কাপ্তেন।

আ-মা। তা কি আর জানিনে—তা কি আর জানিনে। ক্রোড়পতির ছেলে, যখন গঙ্গা স্নানে যাই দেখি ঠাকুর দালানে বসে থাকে যেন কার্ত্তিকটি। (স্বগত) এস লক্ষ্মী যাও বালাই (টাকা বাঁধিয়া) এখন গাঁট তো বাঁধলুম্, এইবার শচী মার পুজো ভাল করে দেবো।

মাষ্টার। এ সব চুকে গেল, এখন একটি গ্ল্যাস মদ খেতে হবে, তা নইলে ছাড়্‌চি নি।

আ-মা। আমার সঙ্গে ঠাট্টা?

মাষ্টার। তোমার সঙ্গে ঠাট্টা কর্‌বো না ত কর্‌বো কার সঙ্গে ?

আ-মা। আবাগের বেটা, সম্পর্ক ভুলে যাচ্চিস্ ?

মাষ্টার। আমার যে গোড়ায় গলদ, ফটিক আমার ছাত্র, তুমি আমার বে'ন্ হচ্চ।

ফটিক। মাষ্টার কি কচ্চ ছেড়ে দাও।

মাষ্টার। কেন বাবা বেই বে'নে ইয়ারকি হচ্চে, কি obsence দেখ্‌লে ? তুমি যদি না খাও, আমার মরা মুখ দেখ্‌বে।

দালাল। গিন্নী বিবি ! চাঁদবদনে ঢেলে ফেল।

আ-মা। তুই নাছোড়বন্দা, না খাইয়ে আর ছাড়বিনি, দাও গো দাও, আমার ঘরে অনেক কাজ আছে।

[মদ্যপান।

মাষ্টার। এইবার তোমাকে একটা গান শোনাতে হবে।

আ-মা। যা, আর জ্বালাস্‌নে, আমার অনেক কাজ আছে।

মাষ্টার। এই পায়ে হত্যে দিয়ে পড়লুম্।

আ-মা। উঠ উঠ, আমি গাচ্চি।

মাষ্টার। নটবর ! সঙ্গত লাগাও।

আ-মা। (গলা ভাঁজা) এ্যা এ্যা।

দালাল। বাবু আপনার শাশুড়ীর গলা শুনেন্, যেন তুরফাই বাইজী !

আ-মা। গীত।

দেগ্‌দারি হইছি আমি ছোঁড়ার জ্বালাতে,
এত করে পাল্লুম্ নাকো বগ্‌স মানাতে।
গরম রাখি দুধের বাটী,

পাঁটা লুচি কখন রুটী,
খাওয়াই কত পরিপাটী,
ত্রুটী নাই কো যত্নেতে।
নাজে হাল পেশমান হয়েছি,
যেন ছুঁচ ধরা সাপেতে ॥

দালাল। বাঃ বাঃ মরে যাই, মরে যাই।

আ-মা। হল ত?

মাষ্টার। এই গ্ল্যাসটী টেনে, লক্ষী ছেলের মত গুট গুট করে চলে যাও।

আ-মা। তোরা লজ্জা সরম আর রাখ্‌লি নি।

মাষ্টার। এ বুঝি তোমার বেইজ্জত হল! যাও শীগ্‌গির করে আস্‌মানিকে পাঠিয়ে দাও গে।

আ-মা। (মদ্য পান করিয়া) এইবার আস্‌মানিকে পাঠিয়ে দিই গে।

[প্রস্থান।

উকিল। গান ত শুন্‌লে, এর Tune টা কি বল দেখি?

ভজহরি। Funeral song.

ফটিক। বুড়ীটাকে নিয়ে কি কচ্ছিলি?

মাষ্টার। তুমি কি বুঝ্‌বে বাবা, ছুকরীর মাকে হাত কত্তে হয়, তা না হলে অনেক কাজে বাগ্‌ড়া পড়ে, বেশ্যা শাস্ত্রখানা পোড়ো।

ভজহরি। মাষ্টার হচ্চে Jack of all trade.

উকিল। মাষ্টার তুমি একজন পাকা Broker, তোমাকে এইবার Royal Exchange এর মেম্বর করে দেবো।

সেন। ফটিক বাবু আমার অনেক কাজ আছে; এখন আসি।

ফটিক। সে কি হয় লাট? সোনা ফেলে আঁচলে গেরো, তা ছাড়চিনি।

উকিল। ফটিক বাবু! লোকের দরকারী কাজে বাধা দেওয়া উচিত নয়।

ফটিক। তবে আর আস্চ কখন?

সেনজা। যখনি ডাক্‌বেন।

ফটিক। ভেঁজো কথা ছেড়ে দাও, আজ আসা চাই।

সেনজা। নটবর! আসবে নাকি?

মাষ্টার। যাওনা বাবা, শনিবারের মড়ার মত দোসর খুঁজ্‌চ কেন? ও একজন Serviceable hand ওকে Spare কত্তে পারি না।

সেনজা। Good bye. Good bye.

(প্রস্থান।)

উকিল। একটু Stimulant কর।

(নটবরের সকলকে মদ দেওন।)

উকিল। ফটিক বাবু, আপনি হচ্চেন একজন Promising youth. আপনার নিকট দেশের অনেক উপকার আশা করা যায়, আপনাকে Ruin করা আমাদের ইচ্ছে নয়।

ভজহরি। My dear friend আমি ফটিক বাবুকে advice করি, British Indian association এর মেম্বর হন, Step by step Legislative council এ Enter কত্তে পার্‌বেন।

ফটিক। আমি যে ভাল ইংরেজী জানিনে।

ভজহরি। Never mind একটু ত কইতে পারেন, আমরা বড় বড় subject লিখে দেবো, আপনি মুখস্থ করে গিয়ে ঝাড়বেন; তার পর Newspaper এ Publish হলেই আপনার নাম জগৎ ঘোষিত হবে।

মাষ্টার। মেকী পয়সা চলে, তুমি জলজেন্ত মুরদ চল্‌বে না? উকিল বাবু বড় সামান্য লোক নন্, জজ ম্যাজিষ্ট্রেট ওঁর মুটোর ভেতর।

উকিল। ফটিক বাবু এ পূজোয় দারজিলিংএ চলুন, সেখানে বড় বড় সাহেব আছে, আপনাকে Introduce করে দেবো, তখন আপনার মনের ভাব আর এক রকম দাঁড়াবে।

মাষ্টার। ফটিকচাঁদ, তাই চল, Lowis Jubilee Sanitarium এ আস্‌মানিকে নিয়ে থাকা যাবে, খরচাও বেশী পড়বে না। তবে দেশে পূজো।

ভজহরি। কোথাও যেতে হবে না, যেমন গয়ার এক পিণ্ডিতে চৌদ্দ পুরুষ উদ্ধার হয়, তেমনি সব জাত মিলিয়ে দুর্গা পূজা কল্লে সব দিক বজায় হ'বে।

উকিল। আপনি পাগল হয়েছেন; হুজুক করে, আর কি হবে? কেবল পয়সার শ্রাদ্ধ হ'বে।

ভজহরি। বলেন কি? হুজুক হল, Mother Seigel's syrup. Patriot হ'তে গেলেই হুজুগ চাই, যেমন Industry is the mother of good luck, তেমনি হুজুক হলো mother of publicity, consent act এর সময়ে এক হুজুগে গড়ের মাঠে লাখ লোক দাঁড়িয়েছিল।

দালাল। নেড়া চায়, হাটের হুজুগ, হুজুগ নইলে'ত চলে না।

ফটিক। হাঁ হাঁ সমুদ্রযাত্রার সময় কাগজে অনেক দিন ধ'রে লেখা লিখি চলেছিল।

মাষ্টার। ফটিক ইনি গুড্ সজেসন্ করেছেন, প্র্যাক্‌টিক্যালি কত্তে পাল্লে তো 'র Trustee শালাদের জব্দ করার সুবিধে হ'য়ে যাবে। উকিল বাবু! এর ভিতর কন্‌জারভেটিব এণ্ড লিবারেল হ'লে চল্‌বে না! Friend এর Resolution unanimously pass করুন।

দালাল। আজ ষষ্ঠী, বাগানে কল্লারম্ভ হক, সুন্দরীর মেলা লাগান, দ্যাশের স্যারা লোগ ভ্যাংয়ে পড়ুগ, আর আপনকার নাম বেজে যাউক।

মাষ্টার। নটবর! তুমি বেরিয়ে পড়, গোটাকতক মেয়ে মানুষ নিয়ে হাজির কর।

দালাল। যে আজ্ঞে।

[প্রস্থান।

মাষ্টার। এই যে বিবিজানের বার হয়েছে।

ভজহরি। এ যে বাবা গোবর গাদায় পদ্ম ফুল।

মাষ্টার। ওঃ এই জন্যেই তোমার কাগজ উঠে গেছে, Scienceএর Improve হয়েছে কত? ছেঁড়া জুতো থেকে Milk হচ্চে, Saw dust থেকে ময়দা হচ্চে, গোবর গাদায় পদ্মফুল হতে পারে না?

(আস্‌মানির প্রবেশ।)

আস্। বন্দিগি বন্দিগি!

সকলে। বন্দিগি বন্দিগি!

আস্। কিগো ফটিক বাবু যে?

মাষ্টার। এস বিবিজান এস, তোমার জন্যে Chair খালি রয়েছে।

আস। বাবা ঠাট্টার ধার ধারিনি।

মাষ্টার। বিবিজানকে এক গ্ল্যাস দাও, সোঁদা রেখো না।

(গ্ল্যাস দেওন)

আস। কি ব্র্যাণ্ডি? ও মদ খাব না।

ফটিক। মিটে মদ দাও, মাষ্টার একটা সেরী কি স্যাম্পেন বার করা আছে?

মাষ্টার। থাক্‌বে না কেন বাবা, এখানে মদের Co-operative Store রয়েছে, যার যা খুসি খাও।

আস। ফটিক বাবু! খুব যে Rice ছাড়চেন।

ফটিক। Rice আর কি? এই সব ভদ্রলোকেরা তিন ঘণ্টা ধরে বসে আছেন, আর তুমি এই এলে।

মাষ্টার। ফটিকচাঁদ Civil War বাধালে, ফুর্ত্তিরাজ্য চালাবে কি করে?

উকিল। বিবিজান! মেহেরবাণী করে একখানা হোগ।

আস। মশায়! মাপ করুন, আমার গলা ভেঙ্গে গেছে।

উকিল। গেলেই বা, এ ত আর মজুরো কর্ত্তে আসেন নি।

ফটিক। একখানা না হয় গাইলে?

আস। তুমি চুপ করে থাক, আমি গাইব না।

উকিল। বিবিজান, ঝগড়াটা Compromise করে ফেল।

গীত।

আসমানী।

ভালবাসি বলে তোমায় কত লোকে কত কয়।
লাঞ্ছনা গঞ্জনা আর দেখি কত প্রাণে সয়॥
তুমি যে ভালবাস না
মনে ভাব এ বোঝে না
বুঝি; তবু ভালবাসি ভালবাসা ভাল নয়।
প্রাণের বাসা ভালবাসা, বাসিলে কাঁদিতে হয়॥

মাষ্টার। ফটিক যেন সোরিমিয়া গাইলে।

(দালাল ও খেমটাওয়ালীগণের প্রবেশ।)

নটবর কার কোনটি?

দালাল। মাষ্টার বাবু! এ রামকেলীর মেলা, যে যার হাত ধরে সে তার।

উকিল। Eat, drink and be merry.

ভজহরি। "নাচ গাও পান কর প্রফুল্লিত মন"।

গীত।

খেমটা ওয়ালীগণ—

কাজ নাই প্রাণ তোমার ভালবাসা জানায়ে।
জানি যারে ভালবাস কেন রাখ লুকায়ে॥
কথায় কথায় পায়ে ধর,
তাড়ালে তবু না সর,
মিছে কেঁদে আর কি পার, রাখতে আমায় ভুলায়ে॥

সকলে। বাহবা-বাহবা।

মাষ্টার। চল বাগান যাওয়া যাক গাড়ী তৈরী।

(সকলের প্রস্থান।)

দ্বিতীয় নক্সা।

(রাস্তা।)

(নাগরিক গণ।)

জ-না। আজ মহা সপ্তমী, কলা বৌ নাইয়ে, সকলে গঙ্গাস্নান করে, দলে দলে যাচ্চে। মা আনন্দময়ীর আগমনে, সকলেই আনন্দিত; মা আমাদের চির আনন্দ দান কর,যেন আমরা চিরদিন হাসি মুখে থাকি।

(পুঁটলি হস্তে লোকনাথের প্রবেশ)

কি হে? লোকনাথ, এ সকালে বোঁচকা বুঁচ্‌কী নিয়ে কোথায় চলেছ?

লোক। দেশে ;ছটার গাড়ীতে যেতে হবে কি না, আবার train miss হলে যাবার ভারী কষ্ট হবে।

১ম-না। তোমার দেশ কোথায় হে?

লোক। মগরার নিকট সুলতানগাছা।

১ম-না। পূজ'র দিন না গিয়ে, দু দিন আগে গেলেই হোত।

লোক। ইচ্ছে ত, হয় কৈ? গোলামী কত্তে গেলে, ইচ্ছা স্বরূপ কাজ কি হয়? দু দিন ছুটী পেয়েছি, এই ভ্যাগ্যি বলে মানি।

১ম-না। কেন এত গেজেটেড হলিডে!

লোক। আমার যে Merchant office, মনিবরা মাইনে দিয়ে কি ছুটী দিতে চায়? তা হলেই যে তার লোকসান, ছুটীর মাথা আমরাই খেয়েছি। রেলের গুদামে বার মাসে তের পার্ব্বণে ছুটী দিত। প্রথম, প্রথম, Extra র লোভ দেখিয়ে বার কল্লে, এখন ছুটী উঠিয়ে দিয়েছে, হাড়ির হাল, আর ধর্ম্মের দোহাই চলে না, বল্লেই, সাহেবদের বুলি হয়েছে পয়সা ত তোমাদের ধর্ম্ম, এই তো বেশ মাইনে পাচ্চ।

১ম-না। ঠিক বলেছ, পরের দোষ দিলে, আর কি হবে। নিজের পায়ে নিজেরাই কুড়ুল মেরেছে। সরস্বতী পূজোয়, হিঁদুকে কলম ছুঁতে নেই, সেই দিন দেখ্‌বে যে, দলে দলে, কেরাণীর পাল চলেছে। বাবুরা ইংরেজের copy করেন বটে, কিন্তু গুণ ত নেন্ না, খালি দোষ টুকু নিচ্চেন। কৈ রবিবারে অফিস খোলে না? তাদের ত ভণ্ডামী নেই, তারা ধর্ম্ম কর্ম্ম মেনে চলে, কেমন Bond, রবিবার কাজ কল্লেই ফাইন দিতে হবে। তোমরা ছুটী পাও কিসে?

লোকনাথ। মলে, আর কিসে? বাবা মলে ছুটী নেই, মা মলে ছুটী নেই, তবে আছে, মাগের গা মাটিমাটী কল্লে, হাঁচ্‌লে

কাশ্‌লে, আর মাগের অসুখ কল্লে, দু'মাস কেন ব'সে থাক না, একটী কথাও বল্‌বে না। ভাই চল্লুম, আমার দেরী হয়ে যাচ্চে। তবে এখন ভাই আসি, বেলাও হ'য়ে পড়্‌লো।

১ন ম-না। এস ভাই এস। রোদ উঠ উঠ হয়েছে, গঙ্গাস্নান করে বাড়ী যাই।

[লোকনাথের প্রস্থান।

গীত।

ওঠ মা গিরিরাণী, ও তোর উমা এল,
কিরণ ঠিকরে অঙ্গে, রূপে ভুবন আলো,
হেমনিন্দিত বরণে,
জড়িত মণি ভূষণে,
চাচর চিকুর চুমিছে চরণে,
বদনে সুধা ঝরে.
সোণার কমল ফুটেছে চরণে,
দলে দলে অলি খেলে,
দেখ মা নয়ন মেলে,
উমা ডাকে, মা, মা, বলে,
বুকের ধন মা বুকে তোল॥

[প্রস্থান।

(মাষ্টার ও ভজহরির প্রবেশ)

ভজহরি। মাষ্টার! পূজার এতটা বাজার কল্লে, কিছু হল? তুমি যে দেখ্‌ছি চিনিরবলদ।

মাষ্টার। My friend বড় লোকের ছেলের ধাত জান না, প্রায় সব শালাই হুইম্‌জিক্যাল, আন্‌প্রিন্সিপলড্‌, এক কথায় তুষ্ট, এক কথায় রুষ্ট। কেউটে সাপকে বিশ্বাস আছে, তবু এ বেটাদের বিশ্বাস নেই, বেটারা বোকা ঠাউরো না. সব বোঝে, তবে যে কিছু বলেন না. যতক্ষণ হাতের ভেতর থাকেন। এ বেটাদের কাছে পয়সা বার করা অনেক বুদ্ধির খেলা, তাদের weakness টুকু বুঝ্‌তে পেরেছ কি, অমনি মুষ্টিযোগের ব্যবস্থা কর, তোমার পয়সা পাবার পথ খুলে যাবে। এব্যাটাদের কাছে খুব সন্তর্পণে চলতে হয়। কথামালার মৃণ্ময় ও কাংস পাত্রের গল্প কি ভুলে গেলে ?

ভজ। তবে মাষ্টার, তুমি এতদিন টেঁকে রয়েছ কি করে ?

মাষ্টার। আমাদের ত আর আমা মাটীর গড়ন নয়, এ যে বাবা খাস Burn Co. রাণীগঞ্জ—পটারির গড়নে গড়ন। কাঁসা ভাঙ্গে ত আমরা ভাঙ্গিনি।

ভজ। সে যাক্‌, মাষ্টার এতটা যে কাণ্ড করা গেল, এই short time এর ভিতর কি করে Manage হবে ?

মাষ্টার। কিছু ভেবনা, বাবা, সে আপনি চলে যাবে। আমি সব contract দিয়েছি।

ভজ। মাষ্টার, আমার ভয়, কাজটা পরিষ্কার না কত্তে পারলে, লোকে ঠাট্টা করবে, আর উকিল বেটা ত আমাদের হেসেই উড়িয়ে দেবে।

মাষ্টার। ওহে, তা গ্রাহ্য কত্তে গেলে কাজ চলে না। উকিল শালার কথা আমি থোড়াই মানি। যখন Public এর

সঙ্গে কাজ কত্তে যাচ্চি, তখন Public এর গালাগাল সব আশীর্ব্বাদ বলে ধত্তে হবে, তবে পাবলিকের সঙ্গে কাজ কত্তে পারবো। বাবা লাভ ত চাচ্চ, লোকসান ত খতাও না, তাতে কি ব্যবসা চলে ?

ভজ। বল কি মাষ্টার, আমার যে, এ্যালন্যাস্কারস্ ড্রিম হল।

মাষ্টার। তুমি যে এতদূর আহাম্মক, তা আমি জানতুম না, হাওয়ায় কেল্লা মেরে বসে আছ ?

ভজ। তুই সাহেব টাহেবের কি যোগাড় দেখ্‌লি, আমায় ত কোথায় যেতে দিলি নি ?

মাষ্টার। গিয়ে আর কি বেশীটা কত্তে! এই পূজোর বাজারে ভাল সাহেব একটা পাবে ? সব দারজিলিংএ নয় শিমলে পাহাড়ে, বাবা আমি ঢের ঢের বোকা দেখেছি, কিন্তু তোমার মত Nonsense Commander-in-Chief দেখিনি! তোমায় ভাবতে হবে না, আমি একটা ঠিক করেছি, দালাল বেটাদের বলিছি, গোরা আর সেলার যোগাড় করে আনিস্, কুলি রিক্রুটের মত হেড পিছু চার আনা করে পাবি। দেখো বাগান লালমূর্ত্তিতে ছেয়ে যাবে।

ভজ। ফটিক্‌কে কি করে বোঝাবে ?

মাষ্টার। সে আমার ভার, তোমার Reporter সব ঠিক আছে ত ? Extra paper ছাপাবার খরচা দিতে রাজি আছি, ফটিকের পূজোর কথা খুব ভাল করে ছাপিয়ে দিও, তা হলেই হল।

ভজ। সে ভাবতে হবে না, মাষ্টার! আমাদের খুব Fellow feeling, প্রাণ দিয়ে উপকার করবে।

মাষ্টার। নাও বাবা তোমার হিতবাদীর কেসের সময় তোমাদের Fellow feeling বুঝে নিচ্ছি। কারে পেয়ে অনেক ভায়া অনেক কথা বল্‌তে বাকি রাখেন নি। চল ভাই বাগান চল, হাতে অনেক কাজ আছে।

(উভয়ের প্রস্থান।)

(সেলার্স, সোলজারস্‌ ও মোসলমানীগণের প্রবেশ।)

গীত।

মুস। Come garden, come garden this way
Dear, dear, very grand dinner to-day.

সোল। Beebee, You got a lovely face.
Come, come, there's no disgrace.

মুস। No fear, No fear, I love you I say.

সেল। Have a look please.
Here is another Mr. Rees.

মুস। You two my heart. You two my heart.
Don't be sorry, Hurry Hurry.
Jolly Jolly and be merry night and day.

সেল। Grand Pooja ! Grand Pooja !

সোল। Let us come and be gay.

(সকলের প্রস্থান)

তৃতীয় নক্সা।

ফটিকের বাগান।

ভারতবাসিগণ, মাষ্টার, ভজহরি ও উকিল।

গীত।

সকলে। ধরা আনন্দে মগন।

হেরিয়া সন্তানগণে এক প্রাণ মন,
ধর্ম্মদ্বেষ ভুলি, সর্ব্বজাতি মিলি,
এসেছি পূজিতে মায়ের চরণ,
গাওরে গহন, গাওরে গগন,
এ আনন্দ-গান গাও সমীরণ,
তরুলতা পাতা, শাখী পাখীগণ,
মাতিয়া আনন্দে মাতাও ভুবন ॥

ভজহরি। ভাই আজ আমাদের কি সুখের দিন, ভারতের প্রায় সকল জাতিই মার পূজায় একত্রিত হইয়াছি। আমার উদ্দেশ্য যে দুর্গাপূজা সর্ব্ববাদীসম্মত, প্রথমেই অনেকে আপত্তি করিতে পারেন যে, পূজা পৌত্তলিকতা। আমার মতে জগতে নিরাকারবাদী কেহই নাই, কারণ যাহাকে পূজা করি না কেন, একটা রূপ অন্তরে কল্পনা করিয়া ধ্যান করিতে হয়। তখন নিরাকারত্ব থাকিতে পারে না, সুতরাং সকলেই সাকার প্রমাণ হইতেছে। কেহ বলিতে পারেন,

দুর্গা কে? জগতের সর্ব্বজাতিতে পাপ পুণ্য স্বীকার করে, আমাদের দুর্গা সেই পাপ পুণ্যের প্রতিমূর্ত্তি। বেশ, তবে পূজা কেন? যেমন বালকদিগকে Geometry শিক্ষা দিতে হলে কাল্পনিক বিন্দু অর্থাৎ Point আঁকিয়া দেখাইতে হয়, সেইরূপ লোকশিক্ষার নিমিত্ত প্রতিমা পূজা। তবে উপচার কেন? যখন পৃথিবীর সর্ব্বশ্রেষ্ঠ সুসভ্য Europeanরা Church এ Harvest Festival করেন, তখন আমরা ষোড়শোপচার পূজা কেন না করিব? এক্ষণে দুর্গাপূজা সর্ব্ববাদীসম্মত সকলকেই স্বীকার করিতে হইবে। আমার মতের যদি কেউ contradict করিতে ইচ্ছা করেন, correspondence এ লিখিবেন, আমি Discuss কত্তে Ever ready.

মাষ্টার। আমাদের এক্ষণে Programme স্থির করা হইল, প্রথম, উপাসনা। দ্বিতীয়, প্রসাদভোজন, তৃতীয় অর্থাৎ শেষ, নৃত্য, গীত ও বাদ্য।

(ফটিকচাঁদ ও আসমানির প্রবেশ।)

ফটিক। মাষ্টার মদ চালাও, পূজ' বাড়ীতে মদ নেই, তোমরা খাও আমায় দাও, ফুর্ত্তি কর বাবা! এত লোক জড় করেছ Riot করবে নাকি? মদ চালাও, খালি ফুর্ত্তি কত্তে এসেছ ফুর্ত্তি কর।

আস্। ফটকে মর্দ দিবি তো'দে, নইলে বাড়ী যাব।

মাষ্টার। ফটিক! এ সব ভদ্দর লোকের সামনে কি কেলেঙ্কারি কচ্চ দেখ দেখিনি।

আস। মাষ্টার কেলেঙ্কারী। আমায় অপমান ? ফট্‌কে থাক্ তোর বাগান ; আমি চল্লুম ?

ফটিকে। মাইরি, মাষ্টার তোকে কিছু বলেনি আমায় বলেছে।

(আসমানির অগ্রসর হওন)

যাচ্চ ? যে যাবে আমার মাথা খাবে। চল্লে, চল্লে ধৃতকরণ)

আস্। না আমায় ছেড়ে দাও, আমার অপমান, গাড়ী ডেকে দাও, না হয় হেঁটে যাব।

ফটিক। আসমান, মাষ্টার তোকে বল্‌বে, ওর বাবার সাধ্যি ?

দালাল। (সুরে) মানময়ী রাধে তুমি মান ত্যজ্য কর, এখন কালা-চাঁদ কেঁদে কেঁদে মরে।

আস্। আর জ্বালাতে হবে না, তুমি আমায় ভালবাস না, আমার গাড়ী ডেকে দাও।

ফটিক। তোর পায়ে পড়ি আমার মাপ কর।

আস্। আচ্ছা যাব না. মদ চালাও।

ফটিক। মাষ্টার মদ চালাও।

মাষ্টার। ফটিক হদ্দ কেলেঙ্কারী কল্লে।

ফটিক। কি বাবা কেলেঙ্কারী। মাষ্টার তুমি যে Equivocator এক মুখে দু কথা বল ? কেলেঙ্কারী ত বড়লোকের হয়ে থাকে তুমিইত বল, তবে কিসের ভয় ? মাষ্টার মদ দাও।

আস্। এই মাষ্টার মদ দে।

ভদ্র। ফটিক বাবু ! ছি ! ছি ! কি কচ্চেন, এত ভদ্রলোক সব উপস্থিত।

ফটিক। কে তোমার ভদ্রলোক? এই যে মিঞা সাহেব বসে আছেন, এ যে মাণিকতলার আমদানী। এই যে ভদ্দর লোক, ডোমপাড়ার না নিকিরীপাড়ার? খুব ছাঁকা ছাঁকা ভদ্রলোকের একজাই করেছ যে।

মাষ্টার। ফটিক কি কচ্চ? এর পর যে তোমার নামে, মানহানির মকর্দ্দমা আস্‌বে।

ফটিক। ভদ্দর লোকের মান গেলে সে কি কোর্টে, না মকর্দ্দমা করে, স্বদে আস্‌লে মান আদায় করে?

ভজহরি। ফটিক বাবু, I am very sorry আপনি এতদূর মাতলাম কচ্চেন, কাগজে আপনার বদ্‌নাম হবে।

ফটিক। চাঁদার খাতায় টাকা দিলেই. আবার সুনাম বেরুবে। মাতালকে মাতাল বল্‌বে, তাতে দুঃখ কি? আমি তোমাদের মত ভেতর বাইরে দুরকম রাখ্‌তে চাইনে, বাবা ভদ্রলোক কখন মাত্‌লামোর ভেতর আসে? আসে, তোমার আমার মতন ভদ্দরলোক, মাষ্টারের মতন ভদ্দর লোক, আর ঐ ওঁর মতন ভদ্দরলোক।

উকিল। ফটিক! তুমি আমাদের অপমান কচ্চ আমরা তোমাকে as a friend excuse কচ্চি, apology tender কর।

ফটিক। তোমাদের মান থাক্‌লেত অপমান? যে বেটারা মদের কাঙাল, যে বেটারা বড় লোক না হয়ে বড় লোকের সঙ্গে মেশে, I hate them as I hate hell তাদের আবার অপমান কি? যদি পোষায় থাক, নইলে বাগান থেকে বেরিয়ে যাও।

আস। ফটিক চাবুকের ব্যবস্থা কর, সহিস চাবুক লেয়াও।

সকলে। বাপ্‌রে বাপ মাগী খেপেছে।

[উকিল, মাষ্টার, ভজহরি ব্যতীত সকলের প্রস্থান।

উকিল। এতদূর অপমান এর শিক্ষা দেবো।

ফটিক। যাওনা বাবা court ত খোলা আছে, তোমার মান্যের মূল্য ধরে দেওয়া যাবে।

উকিল। আচ্ছা।

মাষ্টার। তোমরা কি ছেলেমানষি কচ্চ? বড় লোকের ছেলের সঙ্গে থাকতে গেলে বনিয়ে সনিয়ে থাক্‌তে হয়। তোমরা দেখছি র (Raw)।

ভজ। আমার সোণার স্বপন ভেঙ্গে গেল! O spirit! help me 1 will commit murder.

মাষ্টার। চেপে যাও না বাবা, ফুর্ত্তিটেকে কেন খুন খারাপী কর?

দালাল। মাষ্টার মুশায়, কারণ দেন, কারণ দেন, বাবু! পূজ্যায় শত্রুর সাথে ভাব কর্‌তে হয়, আর আপনরা আপণ্যে আপণ্যে বিবাদ বাধাইছেন।

উ, ভজ। ঠিক বলেছ! ফটিক বাবু Forget and Forgive আমরা বুঝতে পারি নি।

ফটিক। তোমাদের উপর কি রাগ কত্তে পারি, তোমরা হচ্চ Bosom friend.

দালাল। মাষ্টার বাবু মদ আনেন, ফুর্ত্তি লাগায়েন।

উকিল। মাষ্টার মদের order কর। বিবি সাহেবকে আগে দাও।

মাষ্টার। জলদি একটা কেস লেয়াও।

আস্। ফটিক, উকিল বাবু আর ইনি বড় ভদ্দর লোক।

দালাল। ভদ্দর লোক বোলে ভদ্দর লোক, ইনি ঘুঘুপাড়ার ভদ্দর লোক, আর উনি বেল্লিক টোলার ভদ্দর লোক।

ফটিক। মাষ্টার বাইজী বোলাও।

মাষ্টার। আজ সে নয়, সে কালকের Programme এ আছে, এইবার Swimming Bath করে আজকের মত শেষ করা যাক, Hall এ বসে মদ চালান যাবে চল।

(পট পরিবর্ত্তন।)

(সরোবরে Lady swimmer.)

গীত।

লেডী সুইমার।

জলে জলে জলে চাঁদ ফুটেছে হেসে নাচে হেলে দুলে।
আয় সাঁতারি, চাঁদকে ধরি, চাঁদের মালা গাঁথি তুলে॥

সাজায়ে হৃদয় চাঁদে
মিলিয়ে নেব চাঁদে চাঁদে
চাঁদে যেন চাঁদ মিশে যায়
সুধার ধারায় উৎস খুলে,
চাঁদে চাঁদে চলাচলি,
চাঁদে চাঁদে গলাগলি,
চাঁদে চাঁদে বলাবলি,

ধীর সমীরে অকুলে কুলে।
আয় আয় চাঁদ ধরি আয়, ঐ চাঁদ ঘুমুলে
কুমদ কোলে।

(সেলার্স, সোলজার্স ও মোসলমানীগণের
প্রবেশ।)

গীত।

সকলে—

Good night, Good night,
Good night to all.
Tara rara boom deah, Pooja-ball.
Well done your Pooja festival.
Cherry, merry, big and small,
Once a year let us call,
Tara rara boom deah, Pooja-ball.

(যবনিকা পতন।)